কারুণ্যন্তে মুহুরহমতঃ প্রার্থয়ে তস্য বিন্দুং ॥ ০ ॥
মত্তমাতঙ্গলীলাকরচ্ছন্দঃ ॥ ১১ ॥ * ॥

এবমুক্তং ব্রহ্মণা। ততেঽনুকম্প্যঃ সুসমীক্ষমাণো ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকং। হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্। এষোঽনুকম্প্যো ময়ি নাপরাধীতি। অথাপি তে দেব পদাম্বুজদ্বয়েত্যাদি। মত্তেতি। যত্র রেফঃ পরং স্বেচ্ছয়া গুম্ফিতঃ স স্মৃতো দণ্ডকো মত্তমাতঙ্গলীলাকর ইতি বৃত্তরত্নাকরে তল্লক্ষণং ॥ ১১ ॥ * ॥

তোমার নিকট সেই কৃপাবিন্দু প্রার্থনা করিতেছি ॥ ১১॥* ॥

অথ গোবৰ্দ্ধনোদ্ধরণং।

অমন্দমদমণ্ডলৈরলমখণ্ডমাখণ্ডলং
ন্যরুদ্ধ রভসেন যঃ পৃথুমুদস্য গোবৰ্দ্ধনং।
অচণ্ডকরমাধুরীপটলদণ্ডিতুণ্ডশ্রিয়ং
তমাত্তবরমণ্ডনং মকরকুণ্ডল ত্বাং ভজে॥
হেতুবাদজজল্পিতব্রজবাগবাধ্বরমৰ্দ্দনে

বর্ণনীয়ং গোবৰ্দ্ধনোদ্ধরণচরিতং সংক্ষিপ্য তাবদাহ। অমন্দেতি। হে মকর-কুণ্ডল ত্বামহং ভজে কীদৃশং। অচণ্ডকরস্য চন্দ্রস্য মাধুরীপটলং দণ্ডয়তি তিরস্করোতি তাদৃক্ তুণ্ডশ্রীর্মুখকান্তির্যস্য তং। আত্তানি ধৃতানি বরাণি মণ্ডলানি কটককেয়ূরাদীনি যেন। তং রভসেন হর্ষেণ পৃথুমতিগুরুং গোবৰ্দ্ধনং গিরি-মুদস্যোদ্ধৃত্য অমন্দমদমণ্ডলৈরুৎকটপর্ব্ববৃন্দৈরখণ্ডং পূর্ণমাখণ্ডলমিন্দ্রমলমত্যর্থং ন্যরুদ্ধ ন্যবারয়ৎ॥ ০॥

বিস্তারেণ তচ্চরিতমাহ হেত্বিতি। হে মাধব পক্ষে বসন্ত। হে পুরুষোত্তম। মম লোলবুদ্ধিশিলীমুখী চপলধীভ্রমরী ত্বয়ি সংমুখী বৰ্ত্ততামিত্যুত্তরেণান্বয়ঃ॥

শত্রুবৎ ত্বদ্বৈমুখ্যমস্যা বিনাশয়েতি ভাবঃ। মধুকরমধুপমধুব্রতশিলীমুখ-ভ্রমরভৃঙ্গপুষ্পলিহ ইতি হলায়ুধঃ॥

ত্বয়ি কীদৃশীত্যাহ। হেতুবাদাৎ জাতো যো জল্পিতব্রজো বাক্যসমূহস্তেন

হে মকরকুণ্ডলভূষিত! হে কৃষ্ণ! তুমি অনায়াসে অতি-বিশাল গোবৰ্দ্ধনপৰ্ব্বত করে ধারণ করিয়া ইন্দ্রের মদগৰ্ব্ব খৰ্ব্ব করিয়াছ, তুমি মুখ-শোভাদ্বারা চন্দ্রের মাধুর্য্য পরাভব করি-য়াছ, নানাবিধ অলঙ্কারে তোমার সৰ্ব্বাঙ্গ ভূষিত অতএব আমি সৰ্ব্বদা তোমাকে ভজনা করি॥

হে মাধব! (পক্ষে হে বসন্ত!) হে পুরুষোত্তম! আমার

ভূসুরোৎকর গোমহীধরপূজনোৎসববর্দ্ধনে
পর্ব্বতার্চ্চনসম্পদর্জ্জনহেতুতা পরিবোধকে
কল্পিতাতুল সূপসঙ্কুলশষ্কুলীদধিমোদকে

বাসবসোন্দ্রস্যাধ্বরং যজ্ঞং মর্দ্দয়তীতি তস্মিন্। কারীরীপুত্রেষ্টিজ্যোতিষ্টোমাদি-কর্ম্মৈবান্বয়ব্যতিরেকাভ্যাং ফলপ্রদং প্রতীতং দেবতা স্বাজ্যাদিবৎ কর্ম্মাঙ্গং নহি কর্ম্মণা বিনা সা ফলং দত্তে ইতি প্রাণিকর্ম্মানুগুণ্যেন প্রবৃত্তা প্রকৃতিশ্চলেন রজসা স্বকার্য্যভূতাং মেঘমালাং প্রবর্ত্তয়তি সা বারিবর্ষতীতি চন্দ্রস্য হিমবর্ষিত্ববৎ মেঘস্যাম্বুবর্ষিত্বং স্বভাব এবেতি কিমত্রেন্দ্রেণেতি শুষ্কতর্কোত্থাপনং হেতুবাদঃ। তেন পরমতেন স্বাভীষ্টমিন্দ্রস্যানাদরমাপাদ্য বৈদিকং বিপ্রাদিপূজনং প্রবর্ত্তিত-বানিতি বিশিনষ্টি। ভূসুরোৎকরাণাং বিপ্রগণনাং গবাং মহীধরস্য চ ভক্ত-বর্যস্য গোবর্দ্ধনস্য গিরেঃ পূজনোৎসবং বৰ্দ্ধয়তীতি তস্মিন্। পর্ব্বতার্চ্চনস্য সম্প্রদর্জনে হেতুতাং বোধয়তীতি তস্মিন্॥

যদুক্তং। তস্মাদ্গবাং ব্রাহ্মণানামদ্রেশ্চারভ্যতাং মখঃ। য ইন্দ্রযাগ সম্ভা-রাস্তৈরয়ং সাধতাং মখঃ। হূয়তামগ্নয়ঃ সম্যক্ ব্রাহ্মণৈর্ব্রহ্মবাদিভিঃ। অন্নং বহুগুণং তেভ্যোদেয়ং বো ধেনুদক্ষিণাঃ। অন্যেভ্যশ্চাশ্ব চাণ্ডালপতিতেভ্যো যথার্হতঃ। যবসং চ গবাং দত্ত্বা গিরয়ে দীয়তাং বলিরিতি॥

গিরিরেগ তৃণোদকাদিভির্গাঃ পালয়তি যাভ্যোঽস্মাকং জীবিকেত্যভিধায়ি-নীত্যর্থঃ। ভূসুরাদিপূজোৎসবায় কল্পিতা নিষ্পাদিতা অতুল সূপ সঙ্কুলাঃ

চঞ্চলবুদ্ধিরূপ ভ্রমরী তোমার সম্মুখীন হইয়া খেলা করুক, তুমি হেতুবাদ অর্থাৎ শুষ্ক তর্ক উত্থাপন করিয়া ইন্দ্রযজ্ঞ খণ্ডন পূর্ব্বক ব্রাহ্মণ, গো ও গোবর্দ্ধনের পূজারূপ মহোৎসব বিধান করিতেছ, গোবর্দ্ধনের পূজা করিলেই সকল অভীষ্ট সিদ্ধি হইবে ইহা হেতুবাদদ্বারা গোপদিগকে বুঝাইয়া সূপ, শষ্কুলী,

পুষ্পবন্দন ধাতুচন্দনমণ্ডিতাখিলগোধনে
গোপমণ্ডলকল্পিতাচলসানুকন্দরশোধনে।
উদ্ভটাবরভূধরোৎসবসঞ্জিতাখিলবন্ধু তে
তৎপরিক্রমপূজনক্রমভূরিসম্ভ্রমসন্ধু তে।
ক্ষ্মাধরোপমবিগ্রহোত্তমভুক্তবিস্ফুরদোদনে।

শষ্কুল্যাদয়ো যেন তস্মিন্। শাল্যন্নাদীনামুপলক্ষণমেতৎ বন্দনমরুণ চূর্ণং। গোপ-মণ্ডলৈঃ কল্পিতমচলস্য গিরেঃ সানূনাং কন্দরাণাঞ্চ শোধনং মার্জ্জনং যেন তস্মিন্। উদ্ভটো মহানারবঃ শব্দো যত্র তাদৃশে ভূধরোৎসবে সঞ্জিতাসক্তিং নীতাঽখিলবন্ধুতা সর্ব্বজ্ঞাতিসমূহো যেন তস্মিন্। তস্য পর্ব্বতস্য যঃ পরিক্রমঃ পূজনক্রমশ্চ তত্র তত্র যো ভূরি সম্ভ্রমো বহুত্বরা তেন সন্ধুতে ব্যাপ্তে। ক্ষ্মাধরোপ-মেন গিরিতুল্যেন বিগ্রহোত্তমেন ভুক্তানি বিস্ফুরন্ত্যোদনানি যেন তস্মিন্॥

যদুক্তং। কৃষ্ণস্ত্বন্যতমং রূপং গোপবিশ্রম্ভণং গতঃ। শৈলোঽস্মীতি বদন্-ভূরি বলিমাদদ্বহদ্বপুঃ। ইত্যাদি। মঙ্গলাকরাঃ কল্যাণখনয়ো বিস্ফুরন্তশ্চাতো-বরাঃ শ্রেষ্ঠা যে বৃন্দভূতা বল্লবাস্তান্ মোদয়তীতি তস্মিন্। রুষ্টেন বাসবেন কৃতয়া

দধি, মোদকপ্রভৃতি খাদ্য দ্রব্য আয়োজনপূর্ব্বক অগ্রে পুষ্প-চন্দনাদিদ্বরা গোধনের পূজা করিলে তৎপরে গোপেরা গোব-র্দ্ধনের সানু ও কন্দর মার্জ্জনা করিতে লাগিল, অনেকে মহান্ কোলাহল শব্দে গোবর্দ্ধনের পূজা ও প্রদক্ষিণ কার্য্যে ব্যস্ত হইতে লাগিল, তদ্দর্শনে তুমি পর্ব্বততুল্য কলেবর ধারণপূর্ব্বক ঐ সকল খাদ্য দ্রব্য ভোজন করিয়া তোমার মঙ্গলাকাঙ্ক্ষি গোপগণের বিশেষ আনন্দবর্দ্ধন করিলে। এদিকে ইন্দ্র রুষ্ট

মঙ্গলাকরবিস্ফুরদ্বরবৃন্দবল্লবমোদনে
রুষ্টবাসববৃষ্টিসংপ্লব খিন্নগোকুলবেষ্টিতে
ত্রাসসঙ্কুল বন্ধুমণ্ডল শর্ম্মদাদ্ভুত চেষ্টিতে
দক্ষিণেতরপাণিবিস্ফুরশীলিতাতুলপর্ব্বতে
বিভ্রমাঙ্কুরনির্ধুতোদ্ধুরজম্ভমর্দ্দনগর্ব্বিতে
গোত্রগহ্বরবাসিতাত্তুরবিহ্বলাত্মসুহৃজ্জনে
কারিতোদ্ভবদদ্ভুতার্ণব বান্ধবব্রজমজ্জনে

বৃষ্ট্যা যঃ সংপ্লবো মজ্জনং তেন খিন্নং যদ্গোকুলং তেন বেষ্টিতে। ইন্দ্রত্রাস সঙ্কুলস্য বন্ধুমণ্ডলস্য শর্ম্মদমদ্ভুতং চেষ্টিতং যস্য তস্মিন্। তাদৃক্ চেষ্টিতং কিমিত্যাহ॥
দক্ষিণেতরেণ বামেন পাণিপুষ্করেণ শীলিত উৎপাট্য ধৃতোঽতুলঃ পর্ব্বতো যেন তস্মিন্। বিভ্রমাঙ্কুরেণ বিলাসমঞ্জরেণ নির্ধুতং উদ্ধুরস্য দৃপ্তস্য জম্ভমর্দ্দনস্যেন্দ্রস্য গর্ব্বিতং যেন তস্মিন্। গোত্রগহ্বরেঽতিবিচিত্রেঽতিবিস্তীর্ণে গিরিগর্ত্তে বাসিতা অত্তুরবিহ্বলা অতিবৃষ্ট্যা ব্যাকুলা আত্মনঃ সুহৃজ্জনা যেন তস্মিন্। তেন চেষ্টিতেন কারিতমুদ্ভবদত্যদ্ভুতরসার্ণবে বান্ধবব্রজানাং মজ্জনং যেন তস্মিন্। বৃষ্টিত্রাসে নিবৃত্তে। নন্দিতাশয়ৈর্মিত্রসঞ্চয়ৈর্বীক্ষিতং বিস্ফুরদ্ভ্রাজমানমাননং

হইয়া বৃষ্টিদ্বারা গোকুল আপ্লাবিত করিলেন তদ্দর্শনে গোপগণ ভীত হইলে তুমি অদ্ভুত বিক্রম প্রকাশ করিয়া বামহস্তদ্বারা পর্ব্বত উৎপাটনপূর্ব্বক উহা অবলীলা ক্রমে ধারণ করিলে এবং তাহাতেই মদমত্ত ইন্দ্রের অতুল গর্ব্ব খর্ব্ব হইল, অনন্তর বৃষ্টিভয়ে ব্যাকুল আত্মীয় বন্ধুবান্ধবদিগকে গোবর্দ্ধন গুহায় আশ্রয় দিয়া রক্ষা করত তাহাদিগকে আশ্চর্য্য রসসাগরে নিমগ্ন করিলে, বৃষ্টি ভয় নিবৃত্ত হইলে গোপগণ মহা-

নন্দিতাশয়-মিত্রসঞ্চয়-বীক্ষিতস্ফুরদাননে
মেদুরস্মিতকৌমুদীকৃতরক্তযৌবতমাননে
ভীতনন্দিতবিস্ময়াচিতমাতৃপাণ্যুপলালিতে
চারুচঞ্চললোচনাঞ্চলরাধয়াপি নিভালিতে

যস্য তস্মিন্। মেদুরয়া স্মিতকৌমুদ্যাকৃতং রক্তস্য স্বস্মিন্নুরাগিণো যৌবতস্য চন্দ্রাবল্যাদি যুবতিবৃন্দস্য মাননং সৎকারো যেন তস্মিন্। তদোর্দ্ধস্থিতং গিরিরাজং বীক্ষ্য ভীতা কৌতুকাক্রান্তং তন্মুখমালক্ষ্য নন্দিতা কথময়ং বালোনবনীত কোমলোঽপি গিরিমীদৃশং ধত্তে ইতি বিস্ময়াচিতাচ যা মাতা তস্যাঃ পাণিভ্যামুপলালিতে। তদানীং চারুচঞ্চললোচনাঞ্চলয়া রাধয়াপি নিভালিতে। এতস্মিন্নপি জনসম্বাধে হরিরেষ ময়্যেবনিহিতদৃষ্টির্ধৃতগিরিরপ্যস্ত্যতোঽস্মৈ স্মিত কটাক্ষসুধাং বিতরামি ময়া পুষ্টোগিরিং বিভৃয়াদিতি বক্তুং পরিদৃষ্টেত্যর্থঃ। তথা চোভয়ত্রঃরসবৃষ্টিরভূদিতিব্যজ্যতে॥

নন্দে তোমার শ্রীমুখের শোভা দর্শন করিতে লাগিল, এদিকে তুমি মন্দ মন্দ মধুরহাস্যরূপ কৌমুদীদ্বারা নিজানুরাগিণী চন্দ্রাবলী প্রভৃতি যুবতীগণের সম্মান করিলে, নবনীত হৃদয় এই বালক কি প্রকারে এই বিশাল পর্ব্বত ধারণ করিবে? মনে মনে এই চিন্তা করিয়া তোমার মাতা যশোদা আনন্দ, ভয় ও বিনয়ান্বিত হইরা তোমাকে হস্তদ্বারা নিষেধ করিতে ব্যগ্র হইতেছেন, আমি ইহাঁকে স্মিত কটাক্ষ সুধা বিতরণ করি তাহা হইলেই অনায়াসে ইনি গোবর্দ্ধন ধারণ করিতে পারিবেন এই অভিপ্রায়ে শ্রীরাধিকা তোমার প্রতি কটাক্ষ সুধা বর্ষণ করিতে লাগিলেন, ক্রমে পবনপ্রেরিত প্রচণ্ড মেঘমালা

মারুতোন্মদচণ্ডনীরদমণ্ডলাশনিবারণে
সম্পদন্ধিতশক্রসঞ্চিতগর্ব্বচর্ব্বণকারণে
সপ্তবাসরহস্তসংস্তরশায়িতাতুল পর্ব্বতে
নির্ম্মদীকৃতশক্রসংবৃতনীরদেক্ষণনির্বৃতে
মঞ্জুভাষিতমুদ্রয়াকৃতবান্ধবাবলিনিষ্ক্রম

মারুতোন্মদা যে চণ্ডনীরদমণ্ডলা যেচ শক্রনির্মুক্তা অশনয়স্তেষাং বারণে নিবারকে। তথা সতি সম্পদন্ধিতেনৈশ্বর্য্যমত্তেন শক্রেণ সঞ্চিতস্য গর্ব্বস্য যচ্চর্ব্বণং তস্য কারণে হেতৌ কর্ত্তরীত্যর্থঃ। কিয়ন্তং কালং গিরিং দধার তত্রাহ। সপ্তবাসরং ব্যাপ্য হস্তসংস্তরে করতলে শায়িতোঽতুলঃ পর্ব্বতো যেন তস্মিন্। সপ্তবাসরমিতি ত্রিভুবনমিত্যাদিবৎ। এবং নির্মদীকৃতেন শক্রেণ সংবৃতানাং নীরদানামীক্ষণেন নির্বৃতে পরিহৃষ্টে ইদানীং ঝঞ্ঝানিলো নিবৃত্তো নির্ম্মলশ্চাকাশোঽভূদ্বায়ুশ্চ মন্দসুগন্ধিঃ প্রসরতি গিরিগর্ত্তাদিতো নিঃসর্ত্তব্যং রোচতে চেদিতি মঞ্জুভাষিতমুদ্রয়া কৃতো বান্ধবাবলীনাং ততো নিষ্ক্রামো যেন তস্মিন্। তদা কৌতুকোচ্চৈর্লৈমিতিভ্রমণ্ডলৈর্গীতো মঙ্গলবিক্রমো যস্য তস্মিন্। বন্ধুষু স-

---

ও ইন্দ্র মুক্ত বজ্র সকল নিবৃত্ত করিয়া ঐশ্বর্য্য মত্ত ইন্দ্রের প্রবল দর্প খর্ব্ব করিলে, এই প্রকারে সপ্ত দিবস পর্য্যন্ত বামহস্তে গোবর্দ্ধন ধারণপূর্ব্বক ইন্দ্রপ্রেরিত মেঘ সকলকে দৃষ্টিদ্বারা নিবারিত করিয়া আত্মীয় স্বজনকে সম্বোধনপূর্ব্বক কহিলে হে আর্য্যগণ! এক্ষণে বৃষ্টি নিবৃত্ত হইয়াছে, আকাশ নির্ম্মল ও বায়ু মন্দ মন্দ বহিতেছে অতএব যদি আপনাদের অভিপ্রায় হয় তবে পর্ব্বত গুহা হইতে নিঃসারিত হউন, এইরূপ

কৌতুকোচ্চলমিত্রমণ্ডলগীতমঙ্গলবিক্রমে
পাদপোজ্জ্বলতন্নিজস্থলযোজিতপ্রবরাচলে
সর্ব্বদাব্রজ বান্ধবব্রজরক্ষণব্রতনিশ্চলে
ফুল্লবল্লবনাথয়োর্নবহর্ষবীক্ষণসক্ষণে
কুঙ্কুমাক্ষতপল্লবাক্ষতবল্লবীকৃতরক্ষণে

পরিচ্ছদেষু নির্গতেষু পাদপৈরুজ্জ্বলে তন্নিজস্থলে যোজিতঃ সংস্থাপিতোঽতুলো নিরুপমঃ পর্ব্বতো যেন তস্মিন্। মহান্তমেতং কার্য্যভারং কৃতঃ স্বীচকার তত্রাহ সর্ব্বদেতি। যদুক্তং স্বয়মেব। তস্মান্মচ্ছরণং গোষ্ঠং মন্নাথং মৎপরিগ্রহং। গোপায়ে স্বাত্মযোগেন সোঽয়ং মে ব্রত আহিত ইত্যেতৎ॥

ততঃ ফুল্লয়োঃ স্বপুত্রবিক্রমহেতুকহর্ষেণ রোমাঞ্চিতয়োর্ব্রজনাথয়োঃ পিত্রো-র্নবং হর্ষবীক্ষণং তেন সক্ষণে পিত্রোঃ সেবায়ৈ সম্পন্নো হমদ্যেতি সোৎসবে ইত্যর্থঃ। তদা কুঙ্কুমৈরক্ষতৈঃ পল্লবৈশ্চাম্রাদিকিশলয়ৈরক্ষতাঃ পূর্ণপাণয়ো যা বল্লব্যস্তাভিঃ কৃতং রক্ষণং স্বস্তিবাচনপূর্ব্বকং যস্য তস্মিন্ অথ বিজনং কৃষ্ণং

মধুর বাক্যে আত্মীয় স্বজনদিগকে পর্ব্বত গুহা হইতে নিঃ-সারিত করিলে এবং তাঁহারা সানন্দে তোমার গুণ কীর্ত্তন করিতে করিতে গৃহাভিমুখে গমন করিলেন, ব্রজবাসী বন্ধু বান্ধবদিগের রক্ষা করাই তোমার ঐকান্তিক ব্রত, তুমি তরুলতাকীর্ণ স্বীয় স্থানে গোবর্দ্ধনকে সংস্থাপন করিলে তোমার বিক্রম দর্শনে হৃষ্ট হইয়া তোমার পিতা মাতা তোমাকে সতৃষ্ণনয়নে দর্শন করিতে লাগিলেন, তুমিও পিতা মাতার পরিচর্য্যায় সক্ষম হইয়াছি বলিয়া মনে মনে আনন্দিত হইলে, অনন্তর কুঙ্কুম, অক্ষত ও আম্রাদিপল্লল হস্তে ধারণ করিয়া গোপপুরন্ধ্রীগণ তোমার আপদ্ শান্তি

ছন্নভানুনি শৈলসানুনি পীঠিতপ্রবরাংশুকে
ভীতলজ্জিতশক্রবন্দিত-পাদপঙ্কজপাংশুকে
স্মেরসংমুখবিস্ফুরন্মুখ-লুপ্তবাসবভীভ্রমে
তন্মনোহরবর্ণনির্ভর ভারতীভরবিভ্রমে

প্রতি শরণার্থিনঃ শক্রস্যাগমনমাহচ্ছন্নেতি। ছন্নোভানুর্যেন তস্মিন্নত্যুচ্চে শৈলস্য সানুনি প্রস্থে বিষয়ে শক্রেণ পীঠিতং প্রবরাংশুকং যস্মৈ তস্মিন্। স্নুঃ প্রস্থঃ সানুরস্ত্রিয়ামিত্যমরঃ॥

হংসতূলীনিভৃতবিচিত্রপট্টাম্বরনির্ম্মিতাস্তরণপৃষ্ঠোপধানশোভিতং শক্রেণ সংস্থাপিতং রত্নসিংহাসনমধিষ্ঠিতেত্যর্থঃ। সর্ব্বেশ্বরোঽয়ং মহাপরাধে ময়ি ক্রুধ্যেদিতি ভীতেন ভৃতস্য মে নেদৃশং কর্ম্ম যুক্তমিতি লজ্জিতেন শক্রেণ বন্দিতাঃ পাদপঙ্কজয়োঃ পাংশবো রজাংসি যস্য তস্মিন্। হে সর্ব্বেশ ক্ষমস্বাজ্ঞস্য দাসস্য মেঽপরাধানিতি শক্রেণ কৃতপাদবন্দেন ইত্যর্থঃ। মে সর্ব্বেশত্বং ত্বয়েদানীং জ্ঞাতমিতি স্মেরেণাপরাধং কুর্ব্বতাপি ত্বয়া কশ্চিন্মম মনোরথঃ সাধিত ইতি সংমুখেন বিস্ফুরতাতিপ্রসন্নেনচ মুখেন লুপ্তো বাসবস্য ভীভ্রমো যেন তস্মিন্। তস্য বাসবস্য মনোহরো বর্ণনির্ভর। গম্যতাং শক্র ভদ্রং বঃ ক্রিয়তাং মেঽনুশাসনং। স্থীয়তাং স্বাধিকারেষু ভবদ্ভির্দস্তবর্জিতৈরিত্যাদিলক্ষণো যস্যাং তাং ভারতীং বিভর্ত্তি তাদৃশো বিভ্রমো যস্য তস্মিন্। ভীতং লজ্জিতং চ শক্রং প্রিয়-

---

করিতে লাগিলেন, সূর্য্যদেব অস্তগত হইলে গোবর্দ্ধন শিখরে রত্নসিংহাসনে উপবিষ্ট তোমাকে দেখিয়া ইন্দ্র ভীত ও লজ্জিত হওত তোমার পাদপদ্ম বন্দন করিতে লাগিলেন, অনন্তর মন্দ মন্দ হাস্যপূর্ণ মুখদ্বারা ইন্দ্রের প্রতি দৃষ্টিপাত করিয়া ইন্দ্রের ভয় অপহরণ এবং তাঁহার চিত্ত প্রীতিকর বাক্যদ্বারা তাঁহাকে আনন্দিত করিলে, ইন্দ্রত্বপদ কেবল ধেনুগণের

গোশিবপ্রদমিন্দ্রতাপদমেত্যনির্ভরনন্দিতে
গায়দম্বরলম্বিতুম্বুরুরাগডম্বরবন্দিতে
মুগ্ধসৌরভদিগ্ধসৌরভদুগ্ধপূরকৃতোক্ষণে
কল্পিতাখিলপিষ্টপাতুল তাপমণ্ডলমোক্ষণে
মত্তকোকিলবিভ্রমে কিল মাধব ত্বয়ি সংমুখী

বচসাশ্বাসিতবতীত্যর্থঃ। গোশিবপ্রদং গবাং মঙ্গলদাতৃ। ইন্দ্রতাপদমেত্য-নির্ভরেণাতিশয়েন নন্দিতে। গবামিন্দ্রো ভূত্বাতি হৃষ্টে ইত্যর্থঃ॥

অহং কিলেন্দ্রো দেবানাং ত্বং গবাংমিন্দ্রতাং গতঃ গোবিন্দ ইতি লোকাস্ত্বাং গাস্যন্তি ভুবি শাশ্বতমিতি হরিবংশে। তদা গায়ন্নম্বরলম্বি নভোবর্ত্তী যঃ স নারদস্তুম্বুরুস্তস্য রাগডম্বরেণ বন্দিতে। ততো মুগ্ধেন সৌরভেন দিগ্ধো যঃ সুরভ্যা গোদুগ্ধপূরস্তেন কৃতমুক্ষণমভিষেকো যস্য তস্মিন্। ততঃ কল্পিতং কৃতমখিলানাং পিষ্টপানাং দেবানামতুলস্য তাপমণ্ডলস্য মোক্ষণং যেন তস্মিন্॥

মত্তকোকিলস্যেব বিভ্রমো বাগ্বিলাসো যস্য তস্মিন্ মঞ্জুভাষিণীত্যর্থঃ।

কল্যাণের নিমিত্ত ইহা মনে মনে আলোচনা করিয়া অতিশয় আনন্দিত হইতেছ, তোমার গোবর্দ্ধনধারণরূপ লীলাদর্শনে বিস্মিত হইয়া নারদ তুম্বুরুপ্রভৃতি দেবর্ষিগণ রাগ মূর্চ্ছনাপূর্ব্বক তোমার গুণগানে প্রবৃত্ত হইলেন এবং কামধেনু সুন্দর সৌরভপূর্ণ দুগ্ধপূর দ্বারা তোমার অভিষেক করিতে লাগি-লেন, হে মাধব! তুমি এইরূপে নিখিলতাপ দূর করিয়া থাক, মত্ত কোকিলের ন্যায় তোমার মধুর স্বর, অতএব হে পুরুষো-

বর্ত্ততাং মম পুরুষোত্তম লোলবুদ্ধিশিলীমুখী ॥ ০ ॥
শ্যামোত্তুঙ্গভুজার্গলে বিনিহিতঃ কৃষ্ণেন বৃষ্টিচ্ছটা
ধৌতৈর্ধাতুভিরেষ তালকুনটীমুখ্যৈর্গিরির্গৌরিতঃ।
শুদ্ধাষ্টাপদকল্পিতস্য বিপুলচ্ছত্রস্য লক্ষ্মীভরং
বিভ্রদ্গারুড়রত্ননির্ম্মিতমহাদণ্ডস্য বিভ্রাজতে ॥ ০ ॥
মুগ্ধসৌরভচ্ছন্দঃ ॥ ১২ ॥ * ॥

মাধবেত্যাদিকং যোজিতং প্রাক্ ॥ ০ ॥

হরের্বামভুজাগ্রে স্থিতস্য গিরেঃ শোভামতি চারুত্বাং বর্ণয়তি ॥

শ্যামেতি। কৃষ্ণেন শ্যামোত্তুঙ্গভুজার্গলে বিনিহিতস্তস্যোপরি স্থাপিত এব গিরির্বিভ্রাজতে। কীদৃশঃ। বৃষ্টিচ্ছটাধৌতৈস্তালকুনটীমুখৈর্ধাতুভিঃ গৌরিতঃ পীতীকৃতঃ। তত্রোৎপ্রেক্ষা। কিং কুর্ব্বন ভ্রাজতে। শুদ্ধৈরষ্টাপদৈঃ স্বর্ণৈঃ কল্পিতস্য রচিতস্য গারুড়রত্নেন ইন্দ্রনীলেন নির্ম্মিতো মহান্ দণ্ডো যস্য তস্য বিপুলচ্ছত্রস্য লক্ষ্মীভরং বিভ্রদিতি সাদৃশ্যে পর্য্যবসানান্নিদর্শনালঙ্কারঃ। মুগ্ধেতি, মুগ্ধসৌরভনাম ধেহি রসৌ জজৌ চ ভরৌ যদেতি তদনুসারি তদ্বিরচিতং ॥ ০ ॥

চর্চ্চরীতান্যত্র ॥ ১২ ॥ * ॥

ত্তম! আমার চপল বুদ্ধিরূপ ভ্রমরী সর্ব্বদা তোমার সম্মুখীন হইয়া অবস্থিতি করুক ॥ ০ ॥

বৃষ্টিজলে গলিতগৈরিক ধাতুদ্বারা পীতবর্ণ গোবর্দ্ধন গিরি শ্রীকৃষ্ণের উর্দ্ধীকৃত বামহস্তে সংস্থাপিত হইয়া কি অপূর্ব্ব-শোভা ধারণ করিতেছে, বোধ হইতেছে যেন ইন্দ্রনীলমণি-নির্ম্মিত মণিময় দণ্ডের উপর স্বর্ণচ্ছত্র বিরাজ করিতেছে ॥ ১২ ॥

অথ নন্দাপহরণং।

—•::*::•—

নন্দাপহারচকিতস্থ কিরীটশৃঙ্গ-
ভৃঙ্গাবলীপরিচিতং সলিলেশ্বরস্য।
হৃদ্যং সনন্দনদুরাপ পরাগগন্ধং
বন্দে মুকুন্দ তব দেব পদারবিন্দং ॥ ০ ॥
নীরাধিপ ভৃত্যাহৃতগোপেশ্বরমার্গাশ্রিত

অথ বরুণমন্দিরান্নন্দানয়নং সংক্ষেপতস্তাবদাহ নন্দেতি। হে মুকুন্দ হে দেব তব পদারবিন্দমহং বন্দে। কীদৃশং। সলিলেশ্বরস্য বরুণস্য কিরীট-শৃঙ্গাণি মুকুটাগ্রাণ্যেব ভৃঙ্গাবলী তয়া পরিচিতং বেষ্টিতং। পুনঃ কীদৃশং। সনন্দ-নেনাপি দুরাপঃ পরাগগন্ধো যস্য তৎ সলিলেশ্বরস্য কীদৃশস্যেত্যাহ নন্দেতি। চকিতস্য ভীতস্য। দরিতশ্চকিতোভীতস্ত্রস্তো ভীরুশ্চ কাতর ইতি হলাযুধঃ॥০॥
নীরেতি। হে দামোদর মাং পালয়েতি পরেণান্বয়ঃ। নীরাধিপ ভৃত্যেন।

হে মুকুন্দ! হে দেব! ত্বদীয় পিতা নন্দকে অপহরণ করিয়া অতিশয় ভীত জলাধিপতি বরুণের মস্তকস্থ মুটুকের উপর ভৃঙ্গের ন্যায় যাহা শোভিত হইতেছে এবং যাহার গন্ধ সনন্দনাদি মুনিগণেরও দুষ্প্রাপ্য সেই অতিমনোজ্ঞ ত্বদীয় পাদ-পদ্ম আমি নিরন্তর ভজনা করি ॥ ০ ॥

হে দামোদর! একদা তোমার পিতা নন্দরাজ একা-দশীর উপবাস করিয়া পরদিন অল্পক্ষণ দ্বাদশী থাকায় তন্মধ্যে

লব্ধাম্বুধিনাথালয় পাশীড়িতনীলাচয়
শুদ্ধোজ্জ্বলবাণীসুধ দাসায়িতপাশায়ুধ
মন্তুক্রমসংমার্জ্জন তন্নির্ম্মিতহর্ষার্জ্জন
ভক্ত্যর্পিতনন্দেক্ষণ লব্ধাতুলচিত্তক্ষণ

কলার্দ্ধাং দ্বাদশীং দৃষ্ট্বা নিশীথাদূর্দ্ধমেব হি। আমধ্যাহ্নাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ কর্ত্তব্যাঃ শম্ভুশাসনাদিতি শাস্ত্রার্থানভিজ্ঞেন সেবকেনাহৃতস্য তল্লোকং নীতস্যৈকাদশী-মুপোষিতস্য কলামাত্রায়াং দ্বাদশ্যাং পারণাদরাভিনিবেশিনস্তচ্ছাস্ত্রবলেনারুণো-দয়াৎ পূর্ব্বমেব স্নানাদিবৈদিকক্রিয়াসিদ্ধয়ে জলং প্রবিষ্টস্য গোপেশ্বরস্য স্বপি-তুর্ম্মার্গমাশ্রিত হে। পিতৃসেবক বিজ্ঞাপনয়া তদন্বেষণায় প্রবৃত্তেত্যর্থঃ। লব্ধো-ঽম্বুধিনাথস্যালয়ো যেন। প্রচেতা বরুণঃ পাশী যাদঃপতি রপাংপতিরিত্যমরঃ। পাশিনা বরুণেনেড়িতো লীলাচয়ো যস্য। বরুণং প্রতি শুদ্ধোজ্জ্বলাচ বাণীসুধা যস্য। দাসায়িতঃ পাশায়ুধো যস্য। মন্তুক্রমমপরাধগ্লানিং সংমার্জ্জয়তি বরুণ-স্যেতি তথা। তেন দাসাভক্তিভৃতা বরুণেন নির্ম্মিতং হর্ষার্জ্জনং যস্য। বরুণ-সপর্য্যাপরিতুষ্টেত্যর্থঃ। ভক্ত্যার্পিতে নন্দেক্ষণে যেন। হে বিনয়েন পিতরং পশ্য-

---

পারণ করিবেন বলিয়া প্রত্যূষে যমুনায় অবগাহন করিতেছি-লেন, ইতিমধ্যে জলাধিপতি বরুণের কোন ভৃত্য তথায় আগ-মনপূর্ব্বক তোমার পিতাকে হরণ করিয়া লইয়া যায়, তৎ-শ্রবণে তুমি ব্যগ্র হইয়া পিতার অন্বেষণের নিমিত্ত বরুণালয়ে গমন কর, জলাধিপতি বরুণ তোমাকে দেখিয়া সসম্ভ্রমে তোমার অনেক স্তব করেন, তুমি বরুণের স্তবে সন্তুষ্ট হইয়া নিজভৃত্য বিবেচনায় তাহার সমস্ত অপরাধ মার্জ্জনা করিলে এবং ভক্তিসহকারে নন্দের প্রতি দৃষ্টিপাত করিয়া মনে মনে অতুল আনন্দ লাভ করিলে, অনন্তর পিতার সহিত নিজগৃহে

পিত্রা সহ গেহং গত মাতৃক্লমহারিন্নত
সর্ব্বাদ্ভুতসন্দর্শন চিন্তান্বিতনন্দানন
সঙ্কর্ণিতলোকোত্তরতত্তন্নিজচর্য্যাভর
সংভাবিতসর্ব্বেশ্বর ভাবোৎসুকগোপোৎকর
হৃদ্যেঙ্গিতসংবেদন সঙ্কল্পিততৎসাধন
দিব্যহ্রদমধ্যার্পিত গোধুগ্‌গণসন্দর্শিত-

ন্নিতার্থঃ। পিতরং বীক্ষ্য লব্ধোঽতুলশ্চিন্তক্ষণো হৃদয়োৎসবো যেন। ইতো দ্বয়ং স্ফুটার্থং। সর্ব্বৈরদ্ভুতসংদর্শনৈর্বরুণবৈভব তৎকৃত স্বপুত্রসৎকারবীক্ষণৈ-শ্চিত্রান্বিতং বিস্ময়যুক্তং নন্দাননং যস্মাৎ নন্দমুখাৎ সংকর্ণিতঃ। শ্রুতো লোকো-ত্তরোঽলৌকিকো যস্তত্তনিজচর্য্যাভরঃ স্বপুত্রস্তুতি পূজালক্ষণস্তেন সম্ভাবিতো যঃ কৃষ্ণস্ত সর্ব্বেশ্বরভাবস্তস্মিন্নুৎসুকস্য হৃদ্যং যদিঙ্গিতং হরিরস্মান্ স্বলোকং দর্শ-য়ত্বিত্যেবম্বিধং। যস্য সংবেদনেন দর্শয়িষ্যামীতি সঙ্কল্পিতং তৎসাধনং যেন হে তাদৃশ। কথং তৎ স্যাদিতি চেত্তত্রাহ। দিব্যস্য হ্রদস্যাক্রূরতীর্থস্য মধ্যে-ঽর্পিতো নিমজ্জিতো যো গোধুগ্‌গণো গোপসমূহস্তস্মৈ সংদর্শিতঃ। সচ্চিন্ময়ো-

---

গমনপূর্ব্বক মাতা যশোদার মনস্তাপ দূর করিলে, ত্বদীয় পিতা তোমার এই সকল অদ্ভুত লীলা দর্শন করিয়া মনে মনে অতি-শয় বিস্ময়ান্বিত হইলেন এবং অন্যান্য গোপগণ নন্দের নিকট তোমার এই সমস্ত গুণ শ্রবণ করিয়া তোমাকে সর্ব্বেশ্বর সর্ব্বনিয়ন্তা পরব্রহ্ম বলিয়া জ্ঞান করিলেন, অনন্তর তাঁহারা মনোগত ভাব (হে কৃষ্ণ! তুমি যদি সেই পরমেশ্বর তবে আমাদিগকে তোমার নিত্যধাম একবার দর্শন করাও) প্রকাশ করিলে তুমি কহিলে অচিরাৎ তোমাদিগকে আমার নিত্য-

সচ্চিন্ময়লোকোত্তম নিষ্কাসিতগোপভ্রম
সন্ধুক্ষিতবন্ধুব্রজ সঞ্চারিতকীর্ত্তিধ্বজ
গোপীগণশর্ম্মাকর মাং পালয় দামোদর ॥

ব্রহ্মাত্মকো লোকোত্তমো ব্রজান্তর্ভূতো ব্রজস্যৈব প্রকাশবিশেষো যেন।

এবমাহ শ্রীশুকঃ। দর্শয়ামাস লোকং স্বং গোপানাং তমসঃ পরং। সত্যং জ্ঞানমনন্তং যদ্ ব্রহ্মজ্যোতিঃ সনাতনং। তেতু ব্রহ্মহ্রদং মগ্নাঃ কৃষ্ণেন চোদ্ধৃতাঃ দদৃশুর্ব্রহ্মণো লোকং যত্রাক্রূরোঽধ্যগাৎ পুরেতি। এবং নিষ্কাসিতোঽস্মাৎপরিদৃশ্যমানাদ্ব্রজাদুত্তমো লোকোঽস্তীতি গোপানাং ভ্রমো যেন। তেন সংধুক্ষিতঃ পরিহর্ষিতো বন্ধুব্রজো যেন ॥

এবমাহ শ্রীশুকঃ। নন্দাদয়স্তু তং দৃষ্ট্বা পরমানন্দনিবৃতাঃ। কৃষ্ণস্য তত্র ছন্দোভিঃ স্তূয়মানং সুবিস্মিতা ইতি। এবং সঞ্চারিতঃ কীর্ত্তিধ্বজো ভক্তবাঞ্ছিত-পূরকত্বলক্ষণো যেন। গোপীগণানাং শর্ম্মাকর সুখখনে হে দামোদর। প্রকরণ-নিষ্কৃষ্টার্থমাহ লোক ইতি।

ধাম দর্শন করাইব এই বলিয়া তাঁহাদিগর সঙ্কল্প সাধনে যত্ন-বান্ হইলে, পরে অক্রূরতীর্থে নিমগ্ন করিয়া শ্রীবৃন্দাবনের অন্তর্গত সচ্চিদানন্দময় ব্রহ্মস্বরূপ নিজধাম দর্শন করাইয়া সংশয়াপনোদনপূর্ব্বক তাঁহাদিগকে পরমানন্দরসে নিমগ্ন করিলে, ইহাতে ক্রমে ক্রমে তোমার ভক্তের মনোবাঞ্ছা পূর্ণ করা রূপ কীর্ত্তি পতাকা দিগ্‌দিগন্তে সঞ্চারিত হইতে লাগিল, অতএব হে গোপীবল্লভ! তুমি যেরূপে গোপদিগের প্রতি কৃপা করিলে সেইরূপ এই অধমের প্রতি কৃপা করিয়া এই অধমকে সংসার হইতে পরিত্রাণ কর ॥

লোকো রম্যঃ কোঽপি বৃন্দাটবীতো
নাস্তি ক্বাপীত্যঞ্জসা বন্ধুবর্গং।
বৈকুণ্ঠং যঃ সুষ্ঠু সংদর্শ্য ভূয়ো
গোষ্ঠং নিন্যে পাতু স ত্বাং মুকুন্দঃ॥ ০॥
সংফুল্লচ্ছন্দঃ॥ * ॥ ১৩ ॥ * ॥

বৃন্দাটবীতো দৃশ্যমানাদ্বৃন্দাবনাৎ কোঽপি রম্যো লোকঃ ক্বাপি নাস্তীতি বোধয়িতুং বন্ধুবর্গং প্রতি যো বৈকুণ্ঠং পরব্যোমোর্দ্ধপ্রদেশস্থত্বেন শাস্ত্রপ্রসিদ্ধং গোলোকং সুষ্ঠু দৃশ্যমানব্রজান্তর্ভূততয়া প্রদর্শ্য তেন তস্য ভ্রান্তিমপনীয় ভূয়ঃ পুনস্তং গোষ্ঠং দৃশ্যমানং ব্রজমেব নিন্যে স মুকুন্দস্ত্বাং পাতু। ননু সচ্চিন্ময়ো লোকশ্চেদ্ব্রজস্যৈব প্রকাশস্তর্হি ব্রজে বৈপরীত্যভানং কুত ইতি চেৎ ভগবতি নরদারকত্ববত্তদিতি গৃহাণ॥ ১৩॥

সংফুল্লেতি। ছন্দস্তয়তো লৌ যদি সংফুল্লকনামাঞ্চতীতি তদনুসারি তদ্বিরচিতং॥ * ॥

এই ত্রিভুবনে শ্রীবৃন্দাবন অপেক্ষা রমণীয় আর কোন লোক নাই ইহা সুন্দর রূপে গোপদিগকে বুঝাইয়া দিয়া পুনর্ব্বার যিনি ঐ গোপদিগকে শ্রীবৃন্দাবনে আনয়ন করিলেন সেই পরব্রহ্ম মুকুন্দ তোমাকে সর্ব্বদা রক্ষা করুন॥ * ॥ ১৩ ॥ * ॥

অথ রাসক্রীড়া।

—:০:—

পরিস্ফুরতু সুন্দরং চরিতমত্র লক্ষ্মীপতে-
স্তথা ভুবননন্দিনস্তদবতারবৃন্দস্য চ।
হরেরপি চমৎকৃতিপ্রকরবর্দ্ধনঃ কিন্তু মে
বিভর্ত্তি হৃদি বিস্ময়ং কমপি রাসলীলারসঃ॥
শারদবিধুবীক্ষণ-মধুবর্দ্ধিতমদপূর

বর্ণনীয়ায়া রাসলীলায়া নিখিলভগবল্লীলাভ্যোঽতিশয়িত্বং তাবদাহ পরীতি। লক্ষ্মীপতেঃ পরব্যোমনাথস্য লক্ষ্ম্যা সহ পারমৈশ্বর্য্যপ্রধানং চরিতবৃন্দং তত্তচ্ছাস্ত্রখ্যাতমত্র জগতি পরিস্ফুরতু। তথা তদবতারবৃন্দস্য নৃসিংহবরাহাদেশ্চ তৎপরিস্ফুরতু। তেন তেনচ মে ন বিস্ময়ঃ। কিন্তু রাসলীলারসো মে হৃদি কমপ্যনির্ব্বাচ্যং বিস্ময়ং বিভর্ত্তি। কীদৃশঃ। হরের্নন্দসূনোরপি স্বয়ং ভগবতস্তল্লীলাকর্ত্তুশ্চমৎকৃতিপ্রকরবর্দ্ধনঃ। যদুক্তং। সন্তি যদ্যপি মে প্রাজ্যা লীলাস্তাস্তা মনোহরাঃ নহি জানে স্মৃতে রাসে মনো মে কীদৃশং ভবেদিতি॥

শারদেতি। শারদস্য বিধোর্বীক্ষণমেব মধু তেন বর্দ্ধিতো মদপূরো যস্য। হে শরচ্চন্দ্রদর্শন মত্তেত্যর্থঃ॥

লক্ষ্মীপতি শ্রীকৃষ্ণ ও তদীয় নৃসিংহ বরাহাদি অবতার বৃন্দের অত্যাশ্চর্য্য লীলাসকল এই জগতে বিরাজ করিতেছে, কিন্তু যাহা স্বয়ং ভগবানেরও চিত্ত বিস্ময় কর ঈদৃশ সেই রাসলীলা রস আমার হৃদয়ে অনির্ব্বচনীয় বিস্ময় জন্মাইতেছে॥

হে কৃষ্ণ! তুমি শারদীয় পূর্ণশশধর দর্শনে মত্ত হইয়া

ইষ্টভজন বল্লভজন চিত্তকমলসূর
গোপযুবতিমণ্ডলমতি মোহনকলগীত
মুক্ত সকলকৃত্যবিকল যৌবতপরিবীত
যোষিদমলনেত্রকমললোভিদশনমাল
কৌতুকভরনির্ম্মিতখরনর্ম্মবচনজাল

ইষ্টং বাঞ্ছিতং ভজনং কৃষ্ণানুকূল্যং যেষাং তাদৃশানাং বল্লভজনানাং গোপাঙ্গনানাং চিত্তকমলেষু সূর সূর্য্য হে। তন্মনোবিকাশকেত্যর্থঃ। গোপেতি স্ফুটার্থঃ। হে বংশীনাদহুতগোপযুবতিকেত্যর্থঃ। মুক্তানি সকলানি গেহ দেহ কৃত্যানি যৈস্তাদৃশানি বিকলানি বংশীনাদমাধুর্য্যেণ বিহস্তানি যানি যৌবতানি যুবতিবৃন্দানি তৎসন্নিধিমাগতানি তৈঃ পরিবীত বেষ্টিত হে। হে যোষিতাং ব্রজাঙ্গনানাং যানি অমলানি নেত্র কমলানি তেষাং লোভো দিদৃক্ষালক্ষণো বিদ্যতে যস্যাঃ তাদৃশী দশনমালা যস্য। কৌতুকভরায় তদ্ব্যাঞ্জকবক্রবচনশ্রবণলক্ষণায় নির্ম্মিতং খরং দুঃসহং নর্ম্মবচনজাল যেন। তচ্চ কুলাঙ্গনাভির্নিশি বনং

সূর্য্যের ন্যায় কৃষ্ণপ্রেমানুরাগিণী গোপাঙ্গনাগণের হৃদয়কমল প্রকাশ করিতেছ এবং তোমার বংশীরবে মুগ্ধ হইয়া তাঁহারা নিজ নিজ গৃহকার্য্য পরিত্যাগপূর্ব্বক ব্যস্ত হইয়া তোমার নিকট আগমন করিলেন, তাঁহাদের নয়নকমলে লোলুপ হইয়াই যেন তোমার দশনমালা বিকশিত হইল মন্দ মন্দ হাস্য কৌতুক দেখিবার নিমিত্ত তাঁহাদিগের প্রতি অপ্রিয় বচন কীর্ত্তন করিলে অর্থাৎ কুলকামিনী হইয়া রাত্রিকালে এই ঘোর অরণ্যে তোমাদের অধিকক্ষণ থাকা উচিত হয় না, যদি বনশোভা দর্শন বা আমাকে দর্শন করিবার আশয়ে আসিয়া

তন্নিশমন সাশ্রুনয়ন ভীরুভিরনুনীত
বল্লভজন খেদশমন বিভ্রমভরবীত
শ্যামবিমলকান্তিপটলধৃতমদনলক্ষ
রক্তিমধর-যোষিদধরচুম্বরচনদক্ষ

কস্মাদাগতং গর্হিতমেতৎ। শরচ্চন্দ্রাঞ্চিতং বনং দ্রষ্টুমাগতং চেৎ তর্হি জ্ঞাতমেব তৎ। মাং চেদ্দ্রষ্টুমাগতাস্তর্হি সর্ব্বে ময়ি ন কেবলং ভবত্য এবারজ্যন্তি অতঃপরং ত্বরয়া গৃহগমনমেবোপযুক্তমিত্যেবং রূপং বোধ্যং। তস্য খরস্য নর্ম্মবচনজালস্য নিশমনেন শ্রবণেন সাশ্রুনয়নাভির্ভীরুভির্গোপাঙ্গনাভিরনুনীত হে ভামিনী ভীরুরঙ্গনেতি ধনঞ্জয়ঃ। ত্বদেক প্রপন্নাস্তয়ৈবাহূতা নিশ্যস্মান্ প্রতি নেদৃগ্বাক্যং তব রসিকশেখরস্যোচিতমিতি কৃতানুনয়েত্যর্থঃ। ততো-বল্লভজানানাং প্রিয়াণাং তাসাং খেদশমনো যো বিভ্রমভরস্তেন বীত ব্যাপ্ত হে। তদা শ্যামেন বিমলেন কান্তিপটলেন ধৃতং। কম্পিতং মদনানাং লক্ষং যেন হে। প্রিয়াপরিষদ্বৈশিষ্টেন মদনমোহনচ্ছবিধরেত্যর্থঃ। রক্তিমধরাণাং বিক্রমরুচীনাং যোষিদধরাণাং চুম্বরচনে দক্ষ নিপুণ হে॥

থাক, তবে তাহা সিদ্ধ হইল, এক্ষণে নিজালয়ে গমন কর, তোমার এতাদৃশ নিদারুণ বাক্য শ্রবণে সজলনয়ন হইয়া গোপিকাগণ তোমাকে কতই অনুনয় করিলেন, বলিলেন হে রসিকবর! তুমি এই রাত্রিকালে ত্বদেকচিত্তা আমাদিগকে আহ্বান করিয়া তোমার ঈদৃশ নিদারুণ ব্যবহার করা কখনই উচিত হয় না, গোপাঙ্গনাগণের ঈদৃশ কাতরোক্তি শ্রবণ করিয়া তাঁহাদের দুঃখ সান্ত্বনার নিমিত্ত কোটিকন্দর্পতুল্য অপূর্ব্ব রূপ ধারণ করিলে, এবং তৎক্ষণাৎ ঐ সমস্ত বিম্বোষ্ঠী-দিগের অধরবিম্ব চুম্বনে প্রবৃত্ত হইয়া তাঁহাদের যৌবনগর্ব্ব

বিগ্রহপদ যৌবতমদবীক্ষণপরিলীন
চণ্ডিমধর ভক্তনিকর মানভূজগবীন
লোলগতিভিরার্ত্তমতিভিরাভিরনভিদৃষ্ট

এবমবর্ণি শ্রীশুকেন। ইতি বিক্লবিতং তাসাং শ্রুত্বা যোগেশ্বরেশ্বরঃ। প্রহস্য সদয়ং গোপীরাত্মারামোঽপ্যরীরমৎ। তাভিঃ সমেতাভিরুদারচেষ্টিতঃ প্রিয়েক্ষণোৎফুল্লমুখীভিরচ্যুতঃ। উদারহাসদ্বিজকুন্দদীধিতির্ব্যরোচতৈনাঙ্ক ইবোড়ুভির্বৃতঃ॥

বাহুপ্রসারপরিরম্ভকরালকোরুনীবীস্তনালভননর্ম্মনখাগ্রপাতৈঃ। ক্ষ্বেল্যাবলোকহসিতৈর্ব্রজসুন্দরীণামুত্তম্ভয়ন্ রতিপতিং রময়াঞ্চকারেতি॥

তদা বিগ্রহস্য রাসনৃত্যপ্রতিকূলস্য বিরোধস্য পদমাশ্রয়ো যো যৌবতমদো যুবতীনাং গর্ব্বঃ স্বদত্তসৌভাগ্যহেতুকস্তস্য বীক্ষণেন পরিলীনতত্রৈবান্তর্হিত হে। কামসংগ্রামবিস্তার প্রতিভাগেষু বিগ্রহ ইতি বিশ্বলোচনকারঃ। অন্তর্দ্ধানে ফলমাহ। চণ্ডিমধরস্য স কোপস্য ভক্তনিকরস্য তস্য যুবতিগণস্য যো মানভুজগোঽহমুৎকৃষ্টাস্মীতি গর্ব্বসর্পস্তস্মিন্ বীন গরুড় হে। মদ্বিচ্ছেদেন গর্ব্বে নষ্টে সত্যেকমত্যেন রাসো ভাবীতি ভাবেনান্তর্হিতেত্যর্থঃ॥

এবমুক্তং শ্রীশুকেন। এবং ভগবতঃ কৃষ্ণাল্লব্ধমানা মহাত্মনঃ। আত্মানং মেনিরে স্ত্রীণাং মানিন্যোঽভ্যধিকং ভুবি। তাসাং তৎ সৌভগমদং বীক্ষ্য মানঞ্চ কেশবঃ। প্রশমায় প্রসাদায় তত্রৈবান্তরধীয়তেতি। অন্তর্দ্ধানে সতি লোলগতিভিরার্ত্তমতিভিশ্চাভির্যুবতীভিরনভি দৃষ্ট হে। তাভির্ভূরিষু পুষ্পগুরুষু বল্লিষু তরুষু চ পরিপৃষ্ট হে॥

দর্শন করত অমনি সেই স্থানে অন্তর্হিত হইলে, তুমি প্রণয়-কোপনা গোপাঙ্গনাগণের মানরূপ ভুজঙ্গের গরুড়স্বরূপ, সুতরাং তুমি অন্তর্হিত হইলে তোমার অদর্শনে গোপিকাগণ কাতরা হইয়া ইতস্তত অন্বেষণ করিতে করিতে বৃন্দাবনস্থ

পুষ্পগুরুষু বল্লিতরুষু ভূরিষু পরিপৃষ্ট
লব্ধনলিন গন্ধপুলিন গোপ্যনুকৃতলীল
শশ্বদমিতরঙ্গরমিতরাধিকবরশীল
ফুল্লসুষুম বন্যকুসুম মণ্ডিতদয়িতাঙ্গ

এবমাহ শ্রীশুকঃ। অন্তর্হিতে ভগবতি সহসৈব ব্রজাঙ্গনাঃ। অতপ্যংস্ত-মচক্ষাণাঃ করিণ্য ইব যূথপং। গায়ন্ত্য উচ্চৈরমুমেব সংহতা বিচিক্যুরুন্মত্তকবদ্ব-নাদ্বনং। পপ্রচ্ছুরাকাশবদন্তরং বহির্ভূতেষু সন্তং পুরুষং বনস্পতীনিত্যাদি॥

লব্ধো নলিনানাং গন্ধো যত্র তাদৃশি পুলিনে গোপীভিরনুকৃতালীলা পূতনা-বধশকটভঙ্গাদিকা যস্য।

এবমুক্তং শ্রীশুকেন। ইত্যুন্মত্তবচোগোপ্যঃ কৃষ্ণান্বেষণকাতরাঃ। লীলা ভগবতস্তাস্তাহ্যনুচক্রুস্তদাত্মিকা ইত্যাদি। যদা হরিরন্তরধাত্তদা শ্রীরাধাং নীত্বৈ-বান্তরধাদিত্যাহ। শশ্বন্নিরন্তরমমিতেন রঙ্গেণ রমিতা রাধিকা যেন। সর্ব্বোৎ-কৃষ্টায়াঃ শ্রীরাধিকায়াঃ আভিরূপ্যেণ সংকারাদ্বরং শীলং স্বভাবো যস্য। তদে-বাহ। ফুল্লা সুষমাতিশোভা যেষাং তাদৃশৈর্বন্যকুসুমৈর্মণ্ডিতানি দয়িতায়াঃ

তরু লতাদিগকে সম্বোধনপূর্ব্বক কহিলেন হে তরুগণ! হে লতাগণ! তোমারা এই পথে শ্রীকৃষ্ণকে কি দেখিয়াছ? এইরূপে তাঁহারা তোমাকে অন্বেষণ করিতে করিতে কোন স্থানেই তোমার দর্শন না পাইয়া পরিশেষে পদ্মগন্ধামোদিত যমুনা তটে আগমনপূর্ব্বক পূতনাবধ, শকটভঞ্জন প্রভৃতি ত্বদীয় লীলার অনুকরণ করিতে লাগিলেন, এদিকে তুমি স্বাধীনভর্ত্তৃকা শ্রীরাধিকাকে লইয়া ক্রীড়া করিতেছ, বিকসিত বন্যকুসুমদ্বারা তাঁহার শ্রীঅঙ্গ বিভূষিত করিতেছ, শ্রীরাধিকার

কেলিতলিনবক্তুনলিনভৃঙ্গিততদপাঙ্গ
নির্ভররতিবর্দ্ধনমতিনিহ্নুতনিজদেহ
প্রেমশরণ বল্লভগণ মানসকুশলেহ

শ্রীরাধায়া অঙ্গানি যেন। কেলিতলিনমদ্ভুতক্রীড়াস্পদং যৎ স্বস্য বক্তুনলিনং অস্মিন্ ভৃঙ্গিতস্তদপাঙ্গো দয়িতা নেত্রান্তো যেন। তল্লঞ্চ তলিনং স্মৃতমিতি হলায়ুধঃ। এবমাহ শ্রীশুকঃ। তৈস্তৈঃ পদৈস্তৎপদবীমন্বিচ্ছন্ত্যোঽগ্রতোঽবলাঃ। বধ্বাঃ পদৈঃ সুপৃক্তানি বিলোক্যার্ত্তাঃ সমব্রুবন্। কস্যাঃ পদানি চৈতানি যাতায়া নন্দসূনুনা। অংসন্যস্তপ্রকোষ্ঠায়াঃ করেণোঃ করিণা যথা। অনয়ারাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ। যন্নো বিহায় গোবিন্দঃ প্রীতো যামনয়দ্রহ ইতি। ইত্থঞ্চ শ্রীরাধায়াঃ পরমোৎকর্ষঃ সাধিতঃ। অথ সর্ব্বৈকমত্যং বিনা রাসো ন ভবেদতস্তৎসম্পাদনায় প্রবৃত্ত ইত্যাহ নির্ভরেণ সর্ব্বৈকমত্যাতিশয়েন যা রতিঃ রাসক্রীড়া তদ্বর্দ্ধনীয়া মতিঃ রাধিকাতোঽপ্যন্তর্দ্ধানে সতি সর্ব্বৈকমত্যং স্যাদিতি বুদ্ধিস্তয়া নিহ্নুতোঽন্তর্দ্ধাপিতো নিজদেহো যেন। হে রাধিকাচ্ছায়াবৃতকায়েত্যর্থঃ॥

প্রেমশরণস্য স্নেহাধীনস্য বল্লভগণস্য প্রিয়ানিচয়স্য মানসকুশলং যতস্তাদৃ-

---

কটাক্ষরূপ ভৃঙ্গ ত্বদীয় মধুর হাস্যযুক্ত মুখপদ্মে ধাবিত হইতেছে, ইতি মধ্যে তুমি মনে মনে বিবেচনা করিলে যে গোকুলসুন্দরীদিগের আমার প্রতি প্রগাঢ় অনুরাগ হইলে পর তাহাদের সহিত রাসক্রীড়া করিব ইহা স্থির করিয়া সেই স্থানে শ্রীরাধিকাকেও পরিত্যাগপূর্ব্বক অন্তর্হিত হইলে তোমার এই সমস্ত লীলা আপাততঃ অসদ্ব্যবহার বলিয়া বোধ হইলেও উহা পরিণামে সমস্ত প্রেয়সীগণের কল্যাণপ্রদ, তুমি

দৃষ্টবিকলরাধ নিখিলযৌবতপরিহূত
ভূরি রুদিততস্তদুদিতবীথিভিরভিভূত

হা যস্য। হে নিখিলপ্রেয়সীশুভদচেষ্টিতেত্যর্থঃ। সর্ব্বৈকমত্যেন রাসসুখায় কৃতসর্ব্বান্তর্ধনে সতি যাবৎ॥ দৃষ্টা বিকলা দুঃখিতা রাধা যেন তাদৃশেন নিখিলেন যৌবতেন পরিহূতা হূত হে॥ এবমাহ শ্রীশুকঃ। যাং গোপীমনয়ৎ কৃষ্ণো বিহায়ান্যাঃ স্ত্রিয়ো বনে। সাচ মেনে তদাত্মানং বরিষ্ঠং সর্ব্বযোষিতাং। ততো গত্বাবনোদ্দেশং দৃপ্তা কেশবমব্রবীৎ। ন পারয়েঽহং চলিতুং নয় মাং যত্র তে মনঃ। ততশ্চান্তর্দ্দধে কৃষ্ণ সা বধূ রন্বতপ্যত। অন্বিচ্ছন্ত্যো ভগবতো মার্গং গোপ্যো বিদূরতঃ। দদৃশুঃ প্রিয়বিশ্লেষান্মোহিতাং দুঃখিতাং সখীমিতি॥

রাধিকা প্রেমানং বীক্ষ্য তস্যাং পরিত্যক্তেৰ্ষেণ সর্ব্বৈকমত্যহেতুকরাসার্থিনা কৃষ্ণেনৈবং কৃতমিতি তস্মিন্ননসূয়ুনা যুবতিগণেন হে রসিকমণে দেহি দর্শনমিত্যাকারিতেত্যর্থঃ। সসৌভাগ্যং পশ্চাদায়ান্তীঃ স্বসখীঃ প্রতিদর্শয়িতুং শ্রীরাধায়া ইদং চেষ্টিতং। সর্ব্বৈকমত্যেন রাসসুখায় হরেস্তথা চেষ্টিতমিতি বোধ্যং

এইরূপে শ্রীরাধিকাকে বনমধ্যে একাকিনী রাখিয়া অন্তর্হিত হইলে তিনি তোমার বিরহে কাতর হইয়া কত অনুতাপ ও বিলাপ করিতে লাগিলেন, অপর দিকে অন্যান্য গোপিকাগণও অধীর হইয়া হা কৃষ্ণ! হা প্রাণনাথ! তুমি আমাদিগকে পরিত্যাগ করিয়া কোথায় রহিয়াছ, অধীনাদিগের প্রতি একবার দৃষ্টিপাত কর এইরূপে তোমাকে আহ্বানপূর্ব্বক বিলাপ করিতেছেন, পরিশেষে শ্রীরাধিকার সহিত মিলিত হইয়া সমস্ত গোপিকাগণ বারম্বার আর্ত্তনাদ করিলে তুমি তাঁহাদের বি-

বিক্লবতনু গোপসুতনু লোচনপদবীত
চারুহসন পীতবসন কুঙ্কুমভরপীত
নন্দিতমতিঘোষযুবতিবাসসি বিনিবিষ্ট
তুষ্টিরচন চারুবচন ধৃতহৃদয়রিষ্ট

ভূরীণি রুদিতানি যাসু তথা ভূতায়াস্তাসাং তত্তদুদিতবীথ্যো জয়তি তেঽধিক-মিত্যাদিবাক্যশ্রেণয়স্তাভিরভিভূত তাদধীনাং নীত হে। বিক্লবতনূনাং কান্তবিচ্ছেদবিহ্বলদেহানাং গোপসুতনূনাং লোচনপদবীমিতি হে। হে চারুহসন। হে পীতবসন। হে কুঙ্কুমভরপীত॥

এবমাহ শ্রীশুকঃ। ইতি গোপ্যঃ প্রগায়ন্ত্যঃ প্রলপন্ত্যশ্চ চিত্রধা। রুরুদুঃ সুস্বরং রাজন্ কৃষ্ণদর্শনলালসাঃ। তাসামাবিরভূচ্ছৌরিঃ স্ময়মান মুখাম্বুজঃ। পীতাম্বরধরঃ স্রগ্বী সাক্ষান্মন্মথমন্মথঃ। ভগবদ্দর্শনেন নন্দিতমতীনাং ঘোষ যুবতীনাং বাসসি পীঠতাং নীত উত্তরীয়চয়ে নিনিবিষ্ট। প্রেমসিদ্ধান্তোপদেশায় তাভিরাচার্য্যত্বয়াসনে নিবেশিতেত্যর্থঃ॥ এবমাহ শ্রীশুকঃ। তদ্দর্শনাহ্লাদবিধূত হৃদ্রুজো মনোরথান্তং শ্রুতয়ো যথা যযুঃ। স্বৈরুত্তরীয়ৈঃ কুচকুঙ্কুমাঙ্কিতৈরচীক্লৃপন্নাসনমাত্মবন্ধবে ইতি। তুষ্টিং রচয়তি যচ্চারু মনোহরং বচনং তেন ধৃতং তদ্ধৃদয়ানাং বিষ্টং কৃষ্ণোঽয়ং নন্দসূনুরিত্যশুভং যেন। ভজতীরস্মানবলাঃ কস্মান্নিশি ত্যক্তবানসীতি পৃষ্টো মদর্থত্যক্তলোকবেদস্বানাং বো মদনুরাগবৃদ্ধয়ে ক্ষণি-

---

লাপে অভিভূত হইয়া ব্যাকুলচিত্ত গোপরমণীদিগের সমক্ষে আবির্ভূত হইলে, ঐ সময়ে তুমি পীতাম্বর পরিধান ও শ্রীঅঙ্গে কুঙ্কুমাদি অনুলেপন করিয়া মন্দ মন্দ হাস্য করিতেছ, তোমার এইরূপ রূপদর্শনে আনন্দিত হইয়া গোপযুবতীগণ নিজ নিজ উত্তরীয় বস্ত্র আস্তরণ করত তাহাতে তোমাকে উপবেশন করাইলেন, তোমার নানাবিধ সন্তোষ জনক বাক্য শ্রবণে তাঁহা-

সম্মদচয় ফুল্লহৃদয় যৌবততরাস
কুন্দরদন চারুবদনশোভিতমৃদুহাস
দ্বিদ্বিযুবতিমধ্যবসতিবর্দ্ধিতরুচিকাম্য

কস্ত্যাগ ইত্যুত্তরিতে তদেকহিতেচ্ছুনামস্মাকং ভাবং নাদাপ্যয়মগৃহ্লাদিতি তাসামপ্রসাদমালক্ষ্য তাদৃশীনাং মদেকান্তভক্তানাং ভবতীনাং সদৈবাহমৃণো- বাস্মীতি ন পারয়েহহং নিরবদ্য সংযুজাং স্বসাধুকৃত্যং বিবুধায়ুষাপি বঃ। যামা- ভজন্ দুর্জরগেহশৃঙ্খলাঃ সংবৃশ্চ্য তদ্বঃ প্রতিযাত সাধুনেতি পারমার্থিকমুত্তরং দদৌ তেন তাসাং প্রসাদোঽভূদিত্যর্থঃ। যা ভবত্যো দুর্জরগেহশৃঙ্খলাঃ সংবৃশ্চ্য মামভজন্ তাঃ। সংবৃশ্চ্যাহং যাবতীর্মা ভজং নাভজমিত্যর্থঃ॥ ততশ্চ যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতি প্রতিজ্ঞাতা নির্ব্বাহাদহমৃণোবেত্যর্থঃ॥ ততঃ প্রেমবশ্যতাবেদিভগবদ্বচনোদ্ভুতেন সংমদচয়েন হর্ষরাশিনা ফুল্লং হৃদয়ং যস্য তেনৈকমত্যাবত্যা যৌবতেন ততো রাসো যেন। হে তাদৃশ। কুন্দতুল্যৈর- দনৈশ্চারুণি বদনে শোভিতো মৃদুহাসো যস্য হে তাদৃশ। দ্বয়োর্দ্বয়োর্যুবত্যো- র্মধ্যে যা বসতিরবস্থিতিস্তয়া বর্দ্ধিতা যা রুচিস্তয়া কাম্যাস্পৃহণীয় হে। এবমাহ শ্রীশুকঃ। রাসোৎসবঃ সংপ্রবৃত্তো গোপীমণ্ডলমণ্ডিতঃ। যোগেশ্বরেণ কৃষ্ণেন তাসাং মধ্যে দ্বয়োর্দ্বয়োঃ। প্রবিষ্টেন গৃহীতানাং কণ্ঠে স্ব নিকটং স্ত্রিয়ঃ। যং

দের হৃদয়বেদনা দূর হইল, অনন্তর অতিশয় আনন্দিত গোপ- যুবতিগণের সহিত রাসক্রীড়া আরম্ভ করিলে, তখন তোমার সুন্দরবদনে মন্দ মন্দ হাস্য প্রকাশ হওয়ায় কুন্দকুসুমের ন্যায় দশনমালার অপূর্ব্ব শোভা হইতে লাগিল, তখন দুই দুই যুব- তির মধ্যে অবস্থান করায় ভ্রমরশোভিত চম্পকমালার ন্যায়

লব্ধললিত ভৃঙ্গবলিত চম্পকততিসাম্য
স্বস্বসবিধ বোধিবিবিধ বেষযুবতিহৃদ্য
শঙ্করমুখদৈবতসুখবর্দ্ধিনটনবিদ্য
মোহিতশশিমণ্ডলবশি খেচরমুনিযোষ
কিঙ্কিণীযুতনূপুররুতলম্ভিতপরিতোগ

স্বস্বসবিধে সান্নিধ্যং গতিলাঘবাদিতি ব্যাখ্যাতারঃ॥ তত্রোপমা। লব্ধং ললিতৈর্ভৃঙ্গৈর্বলিতায়াশ্চম্পকততেঃ সাম্যং যেন। শ্রীশুকস্ত্বেবমাহ। তত্রাতিশুশুভে তাভির্ভগবান্ দেবকীসুতঃ। মধ্যে মণীনাং হৈমানাং মহামারকতো যথেতি। স্বস্বসবিধে কৃষ্ণং বুধ্যন্তে যা বিবিধবেষা যুবতয়স্তাসাং হৃদ্য মনোহর হে শঙ্করমুখানাং দৈবতানাং সুখবর্দ্ধিনী নটনবিদ্যা যস্য হে শিবাদিবিস্মাপকলাস্যোত্যর্থঃ। রাসলাস্যেন মোহিতাঃ শশিমণ্ডলাদয়ো যেন। বশিনঃ সংযমিনঃ খেচরাঃ নভশ্চারিণো গন্ধর্ব্বাদয়ঃ। মুনিযোষা ঋষিপত্ন্যঃ। কিঙ্কিণীভির্যুক্তানাং নূপুরাণাং রুতৈর্লম্ভিতঃ শঙ্করাদীন্ প্রাপিতঃ পরিতোষো যেন। ভগবদ্রাসক্রীড়াদর্শনায় শঙ্করাদয়ঃ সমাগতাঃ তে সর্ব্বে রাসোৎসবা নন্দেন

তোমার আশ্চর্য্য শোভা হইল, বিবিধ বেশ ভূষায় ভূষিত গোপিকাগণ প্রত্যেকে এই প্রকার বোধ করিতেছেন, যে শ্রীকৃষ্ণ আমার নিকটে আমার সহিতই বিহার করিতেছেন, রাসলীলায় তোমার নৃত্য দর্শনে শঙ্করপ্রভৃতি দেবগণ বিস্মিত হইয়া মনে মনে কতই আনন্দ অনুভব করিতে লাগিলেন, চন্দ্র ও আকাশ-বিহারী গন্ধর্ব্বগণ, মুনিগণ এবং মুনিপত্নীগণ তোমার রাসলীলা দর্শনে বিমোহিত হইলেন, সুমধুর কিঙ্কিণীর রবে ও নূপুরের শব্দে শঙ্করপ্রভৃতি দেবগণ যার পর নাই

সৌরভপূর মিষ্টখপূর রঞ্জিতমধুরাস্য
সুষ্ঠু মহিত গীতসহিত যৌবতকৃতলাস্য
বিশ্বকরণধৈর্য্যহরণ কারণকলগান

মোহিতা যথাধিকারমেব লীলাংশান্ দদৃশুঃ। পরিচারিকয়া যোগমায়য়া রহস্যাংশানামাচ্ছাদনাৎ॥ এবমাহ শ্রীশুকঃ। নভস্তাবদ্বিমানশতসঙ্কুলং। দিবৌকসাং সদারাণামৌৎসুক্যা নিভৃতাত্মনাং। ততো দুন্দুভয়ো নেদুর্নিপেতুঃ পুষ্পবৃষ্টয়ঃ। জগুর্গন্ধর্ব্বপতয়ঃ সস্ত্রীকাস্তদযশোঽমলং। বলয়ানাং নূপুরাণাং কিঙ্কিণীনাঞ্চ যোষিতাং। সপ্রিয়াণামভূচ্ছব্দস্তুমুলো রাসমণ্ডলে। কৃষ্ণবিক্রীড়িতং বীক্ষ্য মুমুহুঃ খেচরস্ত্রিয়ঃ। কামার্দ্দিতাঃ শশাঙ্কশ্চ সগণো বিস্মিতোঽভবদিতি। সৌরভ্যস্য পূরঃ বিলাসস্থানং যস্মিষ্টং তাম্বূলং যশ্চেলালবঙ্গাদি যোগী খপূরঃ ক্রমুকফলং তেন রঞ্জিতং মধুরাস্যং যস্য সপ্রিয়স্য হে তথাভূত। খপূরঃ ক্রমুকে ভদ্রমুস্তকে লসকে পুমানিতি বিশ্বলোচনকারঃ॥ সুষ্ঠু মহিতেন সম্যক্‌পূজিতেন গীতেন সহিতং যদ্যৌবতং তেন ততং লাস্যং যস্য॥ এবমবর্ণি শ্রীশুকেন। উচ্চৈর্জগুর্নৃত্যমানা রক্তকণ্ঠ্যো রতিপ্রিয়াঃ। কৃষ্ণাভিমর্শমুদিতা যদ্গীতেনেদমাবৃতং। কাচিৎ সমং মুকুন্দেন স্বরজাতীরমিশ্রিতাঃ উন্নিন্যে পূজিতা তেন প্রীয়তা সাধুসাধ্বিতি। বিশ্বেষাং শঙ্করাদীনাং যানি করণানি শ্রোত্রনেত্রমনাংসি

পরিতৃপ্ত হইলেন, সৌরভপূর্ণ তাম্বূলচর্ব্বণে তোমার শ্রীমুখ সুরঞ্জিত হইতেছে, তখন গোপরমণীগণ সুন্দর নৃত্য গীত করিয়া তোমাকে নৃত্য করাইতে লাগিলেন, তুমি বংশী-গীত দ্বারা শঙ্করপ্রভৃতি দেবগণের শ্রবণ নয়ন মনপ্রভৃতি ইন্দ্রিয় নিচয়ের ধৈর্য্য হরণ করিতে লাগিলে গোপাঙ্গনাগণের ঐ

রক্তিভিরুপরুদ্ধপশুপভীরুকলিতমান
কূজিবলয়তাণ্ডবলয় ঘূর্ণিত সুররাজি
কোমলরণষট্‌পদগণগুঞ্জিতভরভাজি
তত্র রহসি রাসমহসি সংভৃতবরশোভ
মৌক্তিকশুচি সুস্মিতরুচি সৃষ্টযুবতিলোভ

তেষাং ধৈর্য্যহরণে কারণং কলগানাং যস্য। রক্তিভিরনুরাগৈরুপরুদ্ধানি যন্ত্রি-তায়াঃ পশুপভীরবো গোপাঙ্গনাস্তাভিঃ কলিতো মানঃ সংকারো যস্য॥ এবমাহ শ্রীশুকঃ। গোপ্যঃ স্ফুরংপুরটকুণ্ডলকুন্তলত্বিড়্‌গণ্ডশ্রিয়াসুধিতহাসনিরীক্ষণেন। মানং দধত্য ঋষভস্য জগুঃ কৃতানি পুণ্যানি তৎকররুহস্পর্শপ্রমোদা ইতি॥ তত্র রহসি বিজাতীয়জনবর্জ্জিতে রাসমহসি তন্নৃতোৎসবে সংভৃতা বরশোভা যেন ত্রৈলোক্যলক্ষ্ম্যেকপদং বপুর্দ্দধদিতি শুকোক্তেঃ॥

তত্র রাসমহসি কীদৃশে। কূজীনি ঝণৎকারীণি বলয়ানি কঙ্কণানি যত্র তথাভূতেন তাণ্ডবলয়েন ঘূর্ণিতঃ সুররাট্‌ শক্রো যেন তস্মিন্‌। কোমলো মৃদুলো-রণঃ শব্দো যস্য তস্য ষট্‌পদগণস্য গুঞ্জিতভরং ভজতি তস্মিন্‌। সৌরভলুব্ধভৃঙ্গধ্বনিযুক্তে ইত্যর্থঃ। মৌক্তিকশুচিরত্যুজ্জ্বলা যা সুস্মিতরুচিস্তয়া সৃষ্টো জনিতো যুবতীনাং লোভঃ স্বস্মিন্‌ বাঞ্ছা যেন। স্বপাণিনা মার্জিতা রতিখিন্নানাং

কান্তিক অনুরাগে তুমি বিশেষ সংকৃত হইতেছ, যে স্থানে গোপীগণের কঙ্কণবলয়াদির ঝণৎকারে দেবরাজ ইন্দ্রও সচকিত হইতেছেন, যেস্থানে বনমধ্যে ভ্রমরগণ সুমধুর গুণ গুণ শব্দ করিতেছে, ঈদৃশ নির্জ্জনস্থানে রাসক্রীড়া আরম্ভ করিয়া তুমি অপূর্ব্বরূপ ধারণ করিতেছ, মুক্তামালার ন্যায় শুভ্র

মার্জ্জিতরতিখিন্নযুবতিমণ্ডলমৃদুগণ্ড
প্রেমললহ কামকলহ পণ্ডিতভুজদণ্ড
বিভ্রমভর বল্গু নখর চিহ্নিত নববাম
সৌষ্ঠবযুতকান্তিভিরুতকামমনসিকাম
শীতসলিল কেলিকলিল চিত্রযুবতিসিক্ত

যুবতীনাং মৃদুগণ্ডা যেন। প্রেম্না ললাতে ঈপ্স্যতে যঃ কামকলহঃ সমাশ্লেষাদি তস্মিন্ পণ্ডিতৌ ভুজদণ্ডৌ যস্য ॥

এবমবর্ণি শ্রীশুকেন। কৃত্বা তাবন্তমাত্মানং যাবতীর্গোপযোষিতঃ। রেমে স ভগবাংস্তাভিরাত্মারামোঽপি লীলয়া। তাসাং রতিবিহারেণ শ্রান্তানাং বদনানি সঃ। প্রামৃজৎ করুণঃ প্রেম্না শন্তমেনাঙ্গ পাণিনেতি ॥

বিভ্রমপরাঃ কুচক্ষতক্রিয়াশক্তা যে বল্গুনখরাস্তৈঃ বক্ষসি চিহ্নিতা নবাবামা যেন। বাহুপ্রসারপরিরম্ভেত্যাদ্যুক্তেঃ। সৌষ্ঠবযুতাভিঃ প্রশস্তাভিঃ কান্তিভিরুত খ্যাত হে। উঙ্ শব্দে ধাতুঃ। কামমনসি কাম হে। সাক্ষান্মন্মথমন্মথ ইত্যুক্তেঃ। হে মন্মথাধিক সৌন্দর্য্যেত্যর্থঃ ॥ • ॥

অথ জলক্রীড়ামাহ। শীতানাং সলিলানাং কেলিভিঃ কলিলানি ব্যাপ্তানি

ত্বদীয় হাস্যপূর্ণ বদন সন্দর্শনে তোমার প্রতি গোপীগণের বিশেষ লোভ হইতেছে, তুমি নিজহস্তদ্বারা রতিখিন্ন গোপীগণের গণ্ডস্থল মার্জ্জনা করিতেছ, তোমার ভূজযুগল আলিঙ্গনাদি কামকেলি বিষয়ে সুপণ্ডিত, তুমি কামক্রীড়ায় আসক্ত হইয়া সুন্দর নখাঘাতদ্বারা গোকুলসুন্দরীগণের স্তনমণ্ডল সুচিহ্নিত করিতেছ, তোমার তাৎকালিক রূপলাবণ্য সন্দর্শনে কন্দর্পের মনেও কন্দর্পভাব জন্মিয়াছিল, অনন্তর গোপিকাগণ জলক্রীড়ার মানসে সরোবরে লইয়া করযন্ত্র নিক্ষিপ্ত

দীব্যদচির জাতরুচির দীপ্তিভিরতিরিক্ত
দেববিচিতপুষ্পরচিতবৃষ্টিভিরভিবৃষ্ট
প্রেমসরল কেলিতরল গোপসুতনুদৃষ্ট
বিস্ফুরদিভ নায়কনিভ মঞ্জুলজলখেল
চঞ্চলকর পুষ্করবর কৃষ্টযুবতিচেল

চিত্তানি যাসাং তাভির্যুবতীভিঃ সিক্ত হে। দিব্যন্তোঽচিরজাতা স্তাৎকালিক্যো যা রুচিরা দীপ্তয়ঃ কান্তয়স্তাভিরতিরিক্ত সমধিক হে। দেববিচিতৈঃ পুষ্পৈ-রচিতাভির্বৃষ্টিভিরভিবৃষ্ট হে। প্রেম্না সরলাভিঃ কেলিষু তরলাভির্গোপসুতনুভি-র্দৃষ্ট নিরীক্ষিত কেলিচাপল্য হে। বিস্ফুরন্ য ইভনায়কো গজরাজস্তন্নিভ তৎ-সদৃশ হে॥

হে মঞ্জুল জলখেল। চঞ্চলং যৎ করপুষ্করং পাণিপদ্মং পক্ষে পাণিরূপ করি-শুণ্ডাগ্রং তেন করেণ কৃষ্টানি যুবতীনাং চেলানি যেন। দ্বিরদকরাগ্রে পদ্মে খড়্গাফলে ব্যোম্নি মদ্যভাণ্ডমুখে। ওগদে জলেচ তীর্থে পুষ্করমষ্টাসু নির্দ্দিষ্ট-মিতি হলায়ুধঃ।

সুশীতল জলদ্বারা তোমাকে অভিষিক্ত করিতে লাগিলেন, তৎকালে তোমার নবনীরদ নীলকায়ে জলসেক হওয়ায় অপূর্ব্ব শোভা হইয়াছিল, এদিকে দেবগণ তোমার উপর পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন, জলক্রীড়াসক্ত ত্বদনুরাগিণী গোপসুন্দরীগণ তোমার তাৎকালিক অপূর্ব্বরূপ দর্শন করিতে লাগিলেন, করিণীবৃন্দের সহিত মত্তমাতঙ্গের ন্যায় গোপযুবতীর সহিত তুমি জলক্রীড়া করিতে প্রবৃত্ত হইলে, তুমি চপল করপুষ্কর (হস্তপদ্ম অথচ হস্তি শুণ্ডাগ্রদ্বারা) গোপাঙ্গনাগণের বসন হরণ করিতেছ, রত্নভবন সদৃশ বৃন্দাবন কুঞ্জে তুমি এইরূপ

রত্নভবন সংনিভবন কুঞ্জবিহিতরঙ্গ
রাগবিরতযৌবতরতচিহ্নবিলসদঙ্গ
সন্ধৃতনয় নন্দতনয় সুন্দর জয় বীর
যামুনতট মণ্ডন নট রাসরচনধীর
পাপিনি ময়ি দুর্গতি জয়ি পাদভজনলেশ

রত্নভবনসন্নিভেষু বনকুঞ্জেষু বিহিতো রঙ্গো যেন। রাগনিরতং তস্মিন্ সানুরাগং যদ্যৌবতং তৎ কৃতৈররতিচিহ্নৈর্বিলসন্ত্যঙ্গানি যস্য॥

এবমাহ শ্রীশুকঃ। সোহম্ভসালং যুবতিভিঃ পরিষিচ্যমানঃ প্রেম্নেক্ষিতঃ প্রহসতীভিরিতস্ততোহঙ্গ। বৈমানিকৈঃ কুসুমবর্ষিভিরীড্যমানো রেমে স্বয়ং স্বরতিরত্র গজেন্দ্রলীলঃ। ততশ্চ কৃষ্ণোপবনে জলস্থলপ্রসূনগন্ধানিলজুষ্টদিক্তটেচ্চার ভৃঙ্গপ্রমদাগণাবৃতো যথা মদচ্যুদ্দ্বিরদঃ করেণুভিরিতি॥

সম্যগধৃতঃ প্রীতিরীতৌ নয়ঃ। ন পারয়েঽহং নিরবদ্য সংযুজামিত্যাদ্যুক্তলক্ষণো যেন স ত্বং জয়। হে যামুনতটমণ্ডলনট। হে রাসরচনধীর। দুর্গনমবিদ্যাং জয়ন্ত্যাপহন্তি তাদৃশঃ শৃঙ্গারানুসারী পাদভজন লেশোপি যস্য।

এবমাহ শ্রীশুকঃ। বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদথবর্ণয়েদ্যঃ। ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং হৃদ্রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ ইতি। হে করুণ দয়ানিধে। পাপিনি ময়ি দৃষ্টিং কৃপাকটাক্ষং

গোপযুবতিগণের সহিত রঙ্গ করিতে লাগিলে, ত্বদনুরাগিণী গোপরমণীর নখ ক্ষতাদিরতিচিহ্নে তোমার শ্রীঅঙ্গ সুশোভিত হইল, তুমি প্রণয়রীতি অনুসারে গোপিকাদিগকে কতই সম্মাননা করিলে, হে নন্দনন্দন! হে সুন্দর! হে বীর! তোমার জয়, তুমি এইরূপে যমুনাতটে নটবরবেশে রাসরস আস্বাদন করিতেছ অতএব হে অরুণলোচন! হে নিখিলে-

ধেহি করুণ দৃষ্টিমরুণলোচন নিখিলেশ ॥
রম্ভোরু নিকুরম্বনির্ভরপরীরম্ভেণ লব্ধদ্যুতে-
র্বিভ্রাণস্য তড়িৎকদম্ববিলসৎকাদম্বিনীবিভ্রমং-
ক্রীড়াড়ম্বরধূতজম্ভমথনস্তম্বেরমোরুশ্রিয়ো
রাসারম্ভরসার্থিনস্তব বিভো বন্দে পদাম্ভোরুহং ॥

নিধেহি। হে অরুণলোচন। হে নিখিলেশেতি।

উক্ত মর্থমনুস্মরন্নাহ রম্ভোর্বিতি। হে বিভো তব পাদারবিন্দমহং বন্দে। তবকথম্ভূতস্য রাসারম্ভেণ যো রসঃ পরমানন্দস্তমর্থয়তে প্রতিক্ষণং বাঞ্ছতি তচ্ছীলস্য। তৎকথমিত্যপেক্ষায়াং বিশিনষ্টি। রম্ভোরূণাং ব্রজসুভ্রুবাং নিকুরম্বস্য সমূহস্য যোনির্ভর পরিরম্ভস্তেন লব্ধদ্যুতেঃ। তত্রোপমা। তড়িৎকদম্বৈর্বিদ্যুদ্বৃন্দৈর্বিলসন্তী যা কাদম্বিনী মেঘমালা তস্যা বিভ্রমং ভ্রান্তিং বিভ্রাণস্য।

এবমাহ শ্রীশুকঃ। কৃষ্ণবধ্বো গায়ন্ত্যস্তং তড়িত ইব তা মেঘচক্রে বিরেজুরিতি। ক্রীড়াডম্বরেণ ধূতাতিরস্কৃতা জম্ভমথনস্তম্বেরমস্যেন্দ্রগজস্যোর্ব্বী শ্রীর্যেন তস্যেতি। স্বক্রীড়য়ৈরাবতং তিরস্কুর্ব্বত ইত্যর্থঃ। ললিতভৃঙ্গেতি বিদ্ধি ললিতভৃঙ্গমখিলবন্দিহৃদয়লোভি। পঙ্কজবতিধারি ভসনজেননগল শোভীতি।

শ্বর! তুমি সকরুণ নয়নে এই পাপিজনের প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক স্বজায় নরকনিবারি পাদপদ্মের ভক্তিবিন্দু বিতরণ কর ॥

হে বিভো! তুমি রাসমণ্ডলীতে তড়িন্মালায় আবৃত মেঘমালার ন্যায় গোপীগণ মধ্যে সুশোভিত হইতেছ, তোমার ঈদৃশ ক্রীড়াদর্শনে ঐরাবত হস্তীর মদগর্ব্ব খর্ব্ব হইয়াছে,

ললিতভৃঙ্গচ্ছন্দঃ ॥ ১৪ ॥ * ॥

উল্ললবল্লবললনাধরপল্লব চুম্বনোল্লসিতং।

নৌমি সমল্লীমাল্যং হরিমিহ হল্লীসকোৎফুল্লং ॥ ১ ॥

তদনুসারি তদ্বিরচিতং ॥ ১৪ ॥

রাসরসিকং কৃষ্ণং পুনস্তৌতি। উল্ললেতি। হরিমহং নৌমি। উল্ললানাং হরিমীপ্সন্তীনাং বল্লবললনানাং যেঽধরপল্লবাস্তেষাং চুম্বনে উল্লসিতং সহর্ষং মল্লীমাল্যেন সহিতং। হল্লীসকে রাসনৃত্যে উৎফুল্লং সরোমাঞ্চং॥ ১ ॥

অতএব হে কৃষ্ণ! আমি তোমার পাদপদ্মে পুনঃ পুনঃ প্রণাম করিতেছি ॥ ১৪ ॥

যিনি নিজপ্রণয়িনী গোপরমণীগণের অধরপল্লব চুম্বনে উল্লসিত, যিনি রাসস্থলে অনির্ব্বচনীয় আনন্দ অনুভব করিতেছেন, আমি সেই মল্লিকামালা সুশোভিত শ্রীকৃষ্ণকে বন্দনা করি ॥ ১ ॥

অথ সুদর্শনাদিমোচনং।

বিভ্রতং শ্রবণসীম্নি শারদং পদ্মমুজ্জ্বলকলাবিশারদং।
বল্লবীহৃদয়হারনায়কং হন্ত চিত্ত ভজ গোষ্ঠনায়কং॥ ০॥
ভ্রূকুহোল্লসদম্বিকাবনমণ্ডলান্তরভূমিপাবন-

অথ বর্ণনীয়ং সুদর্শনাদিমোচনং বাঞ্জয়ন্নাহ বিভ্রতমিতি। হন্তেতি হর্ষে। হে চিত্ত গোষ্ঠনায়কং ব্রজযুবরাজং কৃষ্ণং ভজ। কীদৃশং শ্রবণসীম্নি কর্ণোপান্তে শারদং পদ্মং বিভ্রতং। উজ্জ্বলস্য শৃঙ্গারস্য কলাসু বিশারদং নিপুণং স্ফুটমন্যৎ॥০
ভ্রূকুহেতি। হে উজ্জ্বলকান্তিকন্দলধৃতকজ্জ্বল শ্যামসুন্দর। ভবন্তমাশ্রয়ামীতি পরত্রান্বয়ো দ্রষ্টব্যঃ॥
কীদৃশং। ভ্রূকুহৈর্বৃক্ষৈরুল্লসচ্ছোভমানং যন্মথুরোপান্তবর্ত্তাম্বিকায়া বনমণ্ডলং তদন্তরে যা ভূমিস্তাং পাবয়তি স্বচরণ সঞ্চারেণেতি তং তত্র বহন্ত্যা অব্জসম্ভবকন্যাকায়াঃ সরস্বত্যা উদকেন নির্ম্মিত আপ্লবঃ স্নানং যেন তং। তত্র স্নান্তীভিঃ

যিনি কর্ণযুগলে বিকশিত শারদীয় কমলযুগল ধারণ করিতেছেন, যিনি কন্দর্পকেলি বিষয়ে সুদক্ষ ও যিনি গোপাঙ্গনাগণের হৃদয়স্থ হার ভূষণের অমূল্য রত্নস্বরূপ, অতএব হে মানস! সেই গোষ্ঠাধিনায়ক শ্রীকৃষ্ণকে তুমি নিরন্তর ভজনা কর॥ ০॥

হে কৃষ্ণ! তুমি একদা সপরিবারে ফলপত্রে শোভিত অম্বিকাবন মধ্যে গমন করিয়া তথায় সরস্বতীনদীতে তুমি

মজ্জসম্ভবকন্যকোদকনির্ম্মিতাপ্লবমক্ষিমোদক
বারিদোজ্জ্বলকান্তিডম্বরমাপ্তকাঞ্চনভাস্বদম্বর
মাত্ত বল্লবরাড্‌ভুজঙ্গমমূর্ত্তিকল্পিতপাদসঙ্গম-
মুগ্রশঙ্কটভাক্‌সুদর্শনশাপমোচনমিষ্টদর্শন

কান্তাভিঃ সহ কলালাপাদিকমিত্যর্থঃ। অক্ষিমোদকো নেত্রানন্দকো বরিদা-দপ্যুজ্জ্বলঃ কান্তিডম্বরশ্ছবি বিস্তারো যস্য তং। মেঘমালয়েব কান্তিঘটয়া জন-নেত্রাণাবৃত্তা কৃতকান্তাস্পর্শমিত্যর্থঃ। আপ্তং ধৃতং কাঞ্চনমিব ভাস্বদম্বরং যেন তং। এতদন্তরে আত্তঃ পাদে গৃহীতো বল্লবরাট্‌ ব্রজনাথো নন্দো যেন তাদৃশো যো ভুজঙ্গঃ সর্পস্তস্য মূর্ত্তৌ দেহে কল্পিতঃ পাদসঙ্গমো যেন তং। চরণস্পৃষ্টভুজগ-মিত্যর্থঃ। ততঃ কিমভূত্তদাহ। উগ্রমতি ঘোরমঙ্গিরঃ কোপজনিতসর্পযোনি প্রাপ্তিলক্ষণং সঙ্কটং ভজতি যঃ সুদর্শনস্তদাখ্যো বিদ্যাধরস্তস্যাঙ্গিরো দত্তং শাপং সর্পযোনি দূরীকরণেন মোচয়তীতি তং। ইষ্টং দর্শনং যস্য তং। আত্মনঃ স্বস্য বল্লভো যো নন্দস্তং সর্পাৎ মোচয়তীতি তং। উদ্ধৃতমপনীতমখিলানাং বহূনাং

স্নান করিতেছ, নয়নপ্রীতিকর নবনীরদনিন্দী ত্বদীয় কান্তি-জালে সকল দিক্‌ সুশোভিত হইতেছে, তুমি তপ্তকাঞ্চনের ন্যায় পীতাম্বর পরিধান করিয়া স্নানার্থিনী প্রেয়সীগণের সহিত আলাপ করিতেছ, এদিকে তোমার পিতাকে এক ভয়ানক অজগর সর্পে দংশন করিল, তিনি হা পুত্র! কৃষ্ণ রক্ষা কর, এরূপ আর্ত্তনাদ করিতে লাগিলেন, তুমি তচ্ছ্রবণে ব্যাকুল হইয়া সত্বর তথায় উপস্থিত হইলে এবং নিজপদাঘাতে ঐ সর্পকে প্রহার করিলে, সে তোমার পাদস্পর্শে দিব্য মূর্ত্তি ধারণ পূর্ব্বক কহিল, নাথ! আমি সুদর্শন নামক বিদ্যাধর, পূর্ব্বকালে মহর্ষি অঙ্গিরার অভিসম্পাতে সর্পযোনি প্রাপ্ত

মাগ্নবল্লভনন্দমোচন মুক্ত্ত্তাখিল গোপশোচন

ব্রজনাথক্লেশনিমিত্তকং শোচনং যেন তমিতি সুদর্শনমোক্ষণং বর্ণিতং ॥

এবমাহ শ্রীশুকঃ। একদা দেবযাত্রায়াং গোপালা জাতকৌতুকাঃ। অনো-ভিরনডুদ্‌যুক্তৈঃ প্রযযুস্তেঽম্বিকাবনং। তত্র স্নাত্বা সরস্বত্যাং দেবং পশুপতিং বিভুং। আনর্চ্চুরর্হণৈর্ভক্ত্যা দেবীং চ নৃপতেঽম্বিকাং গাবো হিরণ্যবাসাংসি মধুমধ্বন্নমাদৃতাঃ। ব্রাহ্মণেভ্যো দদুঃ প্রীতাঃ দেবো নঃ প্রীয়তামিতি। উষুঃ সর-স্বতীতীরে জলং প্রাশ্য ধৃতব্রতাঃ। রজনীং তাং। মহাভাগা নন্দসন্নন্দকাদয়ঃ। কশ্চিন্মহানহিস্তস্মিন্ বিপিনেঽতিবুভুক্ষিতঃ। যদৃচ্ছয়াগতো নন্দং শয়ানমুরগো-গ্রসীৎ। সচুক্রোশাহিনাগ্রস্তঃ কৃষ্ণ কৃষ্ণ মহানয়ং। সর্পো মাং গ্রসতে তাত প্রপন্নং পরিমোচয়। অলাতৈর্দহ্যমানোঽপি নামুঞ্চত্তমুরঙ্গমঃ। তমস্পৃশৎ পদা-ভ্যেত্য ভগবান্ সাত্বতাং পতিঃ। সবৈ ভগবতঃ শ্রীমৎপাদস্পর্শহতাশুভঃ। ভেজে সর্পবপুর্হিত্বা রূপং বিদ্যাধরার্চ্চিতং। তমপৃচ্ছদ্ধৃষীকেশঃ প্রণতং সমব-স্থিতং। কো ভবান্ পরয়া লক্ষ্ম্যা রোচতে শুভদর্শনঃ। কথং জুগুপ্সিতামেতাং গতিং বা প্রাপিতোবশঃ। অহং বিদ্যাধরঃ কশ্চিৎ সুদর্শনঃ ইতি শ্রুতঃ। ঋষীন্ বিরূপানঙ্গিরসঃ প্রাহসং রূপদর্পিতঃ। তৈরিমাং প্রাপিতো যোনিং প্রলব্ধৈঃ স্বেন কর্ম্মণা। শাপো মেঽনুগ্রহায়ৈব কৃতস্তৈঃ করুণাত্মভিঃ। যদহং লোক-গুরুণা পদাস্পৃষ্টো হতাশুভঃ। ইত্যনুজ্ঞাপ্য দাশার্হং পরিক্রম্যাভিবন্দ্য চ সুদ-দর্শনো দিবং যাতঃ কৃচ্ছ্রান্নন্দশ্চ মোচিতঃ ইতি ॥ ০ ॥

হইয়া এতাবৎকাল এই স্থানে অবস্থিতি করিতেছি, এক্ষণে আপনার অনুগ্রহে ও শ্রীচরণ স্পর্শে অভিসম্পাত হইতে মুক্ত হইলাম, এক্ষণে স্বস্থানে প্রস্থান করি, এই বলিয়া সুদর্শন স্বস্থানে প্রস্থান করিল, এদিকে তুমি তোমার পিতাকে সর্প-

অথ শঙ্খচূড়বধঃ।

—— •:*:• ——

মাশ্রয়ামি ভবন্তমুজ্জ্বল কান্তিকন্দলধূতকজ্জ্বল
মানিতোজ্জ্বলশর্ব্বরীমুখমাপ্তপূর্ব্বজসঙ্গমুন্মুখ
বল্লবাখিলবল্লভাতুল নেত্রখঞ্জনবিভ্রমাকুল

অথ শঙ্খচূড়বধং বর্ণয়িতুং বিশিনষ্টি। হে ভুবনেন্দ্রবন্দিতপাদপদ্ম। হে অঙ্গনাহিত হে মাধব হে জগদীশ। ভবন্তমহং নৌমি। দুর্গতং মাং পালয়েত্যান্তেনান্বয়ঃ। কীদৃশং মানিতং সংকৃতমুজ্জ্বলায়াঃ শর্ব্বর্য্যা মুখং যেন তং। বাসন্তিকশুক্লরাত্রিপ্রদোষে গোবর্দ্ধনোপান্তে হোরিকোৎসবক্রীড়ায়ৈ কান্তাভিঃ সহ নির্গতমিত্যর্থঃ। আপ্তঃ পূর্ব্বজস্য নিজপ্রেয়সীগণসহিতস্য নীলাম্বরস্য সঙ্গো যেন তং। উন্মুখ্যঃ সম্মুখীনা যা অখিলা বল্লববল্লভাঃ সর্ব্বা গোপস্ত্রিয়স্তাসাং যে হতুলনেত্রখঞ্জনাস্তেষাং বিভ্রমৈরাকুলং। স্বপ্রেয়সীনাং তাসাং কটাক্ষধারৈ-

---

দংশন হইতে মুক্ত করিয়া নিখিল গোপগোপীদিগকে শোকসাগর হইতে উদ্ধার করিলে, অতএব হে কৃষ্ণ! আমি তোমার শরণাগত তুমি যে প্রকারে পিতাকে সর্পদংশন হইতে মুক্ত করিলে, সেইরূপ আমাকেও সংসার সর্পদংশন হইতে মুক্ত কর॥

———

হে মাধব! কুঙ্কুমাদি অনুলেপনে তোমার অঙ্গে কতই শোভা হইতেছে, তোমার শ্রীঅঙ্গের প্রভায় সুস্নিগ্ধ কজ্জলকান্তি তিরস্কৃত হইয়াছে, তুমি একদা বসন্ত ঋতুতে শুক্লপক্ষীয় রাত্রি প্রদোষে অগ্রজ বলদেব ও প্রেয়সীগণে বেষ্টিত হইয়া

মদ্ভুতামলগীতমোহিতবল্লবীকুলমাত্তলোহিত
চন্দনং খলযক্ষনায়ক ভীতযৌবতশান্তিদায়ক
মুগ্রবিগ্রহযক্ষমর্দ্দনমঙ্গনাগণরঙ্গবর্দ্ধন
মাপ্তগুহ্যকরত্ননন্দিতপূর্ব্বজং ভুবনেন্দ্রবন্দিত-
পাদপদ্ম ভবন্তমাহিত গোকুলোৎসবমঙ্গনাহিত

র্বিদ্ধচিত্তমিত্যর্থঃ। অদ্ভুতেনামলেন গীতেন মোহিতং বল্লবীকুলং যেন তং। হোরিকোচিতা গাথা গায়ন্তমিত্যর্থঃ। আত্তং ধৃতং লোহিতচন্দনং কুঙ্কুমং যেন তং। এতন্মধ্যে সমাগতাৎ খলাদ্যক্ষনায়কাৎ শঙ্খচূড়াদ্ভীতায় যৌবতায় মাভৈ-ষ্টেতি শান্তিং দদাতীতি তং। কথং শান্তিস্তত্রাহ। উগ্রবিগ্রহমতিকায়ং যক্ষং তং মর্দ্দয়তি নিহন্তীতি তং তেনাঙ্গনাগণস্য রঙ্গং বর্দ্ধয়তীতি তং। আপ্তেন গুহ্য-কস্য শঙ্খচূড়স্য রত্নেন নন্দিতঃ পূর্ব্বজো যেন তং। বলায়োপঢৌকিতস্যমন্তক-মিত্যর্থঃ॥

এবমাহ শ্রীশুকঃ। কদাচিদথ গোবিন্দো রামশ্চাদ্ভুতবিক্রমঃ। বিজহ্রতু-র্বনে রাত্র্যাং মধ্যগৌ ব্রজযোষিতাং। নিশামুখং মানয়ন্তাবুদিতোড়ুপতারকং। এবং বিক্রীড়তোঃ স্বৈরং গায়তোঃ সংপ্রমত্তবং। শঙ্খচূড় ইতি খ্যাতো ধন-

হোরিকোৎসব করিবার নিমিত্ত গোবর্দ্ধন পর্ব্বতের নিকট গমন কর। তথায় গোপরমণীগণের নয়নখঞ্জনের বিভ্রমে অর্থাৎ কটাক্ষপাতে ব্যাকুলিত হইয়া সুমধুর বংশীগানে তাঁহা-দিগকে বিমোহিত করিলে, ইতিমধ্যে কুবেরের অনুচর শঙ্খ-চূড় নামক দুষ্ট যক্ষ তথায় আসিয়া গোপাঙ্গনাদিগকে হরণ করিয়া লইয়া যায়, তুমি তাহার সহিত যুদ্ধ করিয়া তাহাকে নিহত করিলে এবং তাহার মস্তকস্থিত রত্ন আনয়ন করিয়া উহা অগ্রজ বলদেবকে উপহার দেওয়ায় তিনি তাহাতে যথো-চিত আনন্দিত হইলেন, তুমি এইরূপে গোপাঙ্গনাদিগকে সান্ত্বনা করিয়া তাঁহাদের যথেষ্ট আনন্দবর্দ্ধন করিলে, হে

নৌমি মাধব মাং কৃপালয় দুর্গতং জগদীশপালয় ॥ ০ ॥
জয়তি মহোৎসব বিদ্যা বিদ্যাধরশাপমর্দ্দিনীমূর্ত্তিঃ।
পরিভূতশঙ্খচূড়াচূড়ামণিরখিললোকস্য ॥ ০ ॥
কান্তিডম্বরচ্ছন্দঃ ॥ * ॥ ১৫ ॥ * ॥

দানুচরোঽভ্যগাৎ। তয়োর্নির্বীক্ষতো রাজংস্তন্নাথং প্রমদাজনং। ক্রোশন্তং কালয়ামাস দিশ্যুদীচ্যামশঙ্কিতং। তমন্বধাবদ্গোবিন্দো যত্র যত্র স ধাবতি। জিহীর্ষুস্তচ্ছিরোরত্নং তস্থৌ রক্ষন্ স্ত্রিয়োবলঃ। অবিদূরমিবাভ্যেত্য শিরস্তস্য দুরাত্মনঃ। জহার মুষ্টিনৈবাঙ্গ সহচূড়ামণিং বিভুঃ। শঙ্খচূড়ং নিহত্যৈবং মণিমাদায় ভাস্বরং। অগ্রজায়াদদৎ প্রীত্যা পশ্যন্তীনাঞ্চ যোষিতামিতি।

অঙ্গনাহিতেতি। পশ্যন্তীনাং চেতি তদ্রত্নং হোরিকাপারিতোষিকতয়া জ্যেষ্ঠাগ্রেয়মিতি শ্রীরাধায়াং ব্যঞ্জিতমিতি ধ্বন্যতে ॥ ০ ॥

লীলাদ্বয়ং পুনঃ স্মরন্নাহ জয়তীতি স্ফুটার্থং পদ্যং। মহোৎসববিদ্যা নিত্যানন্দসম্বিদ্রূপা। কান্তিডম্বরেতি। কান্তিডম্বরমন্ততো লঘুপূর্ব্বতো রসজ্ঞৈশ্চ বৈভবীতি তদনুসারি তদ্বিরচিতং ॥ * ॥ ১৫ ॥ * ॥

জগদীশ! ভুবনপতি দেবগণ সকলই তোমার পাদপদ্ম বন্দনা করেন, তুমি অবতীর্ণ হওয়ায় এই গোকুল উৎসবময় হইয়াছে, তুমিই অত্রত্য গোপাঙ্গনাগণের কল্যাণপ্রদ, অতএব হে দয়াময়! তোমাকে পুনঃ পুনঃ স্তব করিতেছি অনুগ্রহ করিয়া এই অধমকে দুঃখার্ণব হইতে পরিত্রাণ কর ॥

হে কৃষ্ণ! যদ্দ্বারা সুদর্শন বিদ্যাধরের শাপ মোচন হইয়াছে, ও যাহাদ্বারা এই দুষ্ট শঙ্খচূড় নিহত হইল এবং যিনি নিখিল জগতের চূড়ামণি সেই নিত্যানন্দ জ্ঞানময়ী ত্বদীয় এই এই শ্রীকৃষ্ণমূর্ত্তির জয় হউক ॥ ১৫ ॥

অথ শ্রীগোপিকাগীতং।

——০ঃঃ*ঃঃ০——

নির্যাসঃ শ্যামলিম্নাং পরিণতিরমল প্রেমলক্ষ্মীভরাণাং
সাক্ষাৎকারঃ কৃপাণামখিলমধুরতাসম্পদাং সম্প্রদায়ঃ।
গাম্ভীর্য্যং বিভ্রমাণামুপচিতিরভিতশ্চাতুরীণাং চিরং বো

অথ গোপীগীতং বর্ণয়িষ্যংস্তাসাং গেয়ং কৃষ্ণং তাবদ্বর্ণয়তি। আভীরনারীণাং কুচকলসতটেষ্বলং কৃতিস্তচ্ছোভাকরঃ শ্রীকৃষ্ণ ইত্যর্থঃ। সা কীদৃশীত্যাহ। শ্যামলিম্নাং নির্যাসঃ সারঃ। ইন্দ্রনীলমণিরিব চাকৃচিক্যশালি শ্যামরূপ প্রসারক ইত্যর্থঃ। অমলানাং প্রেমলক্ষ্মীভরাণাং পরিণতির্নির্হেতুকস্নেহসংপত্তি পরিণামকস্তৎপ্রদাতেত্যর্থঃ। কৃপাণাং সাক্ষাৎকারঃ প্রকাশকো মহাদয়ালুরিত্যর্থঃ। অখিলানাং মধুরতাসম্পদাং সম্প্রদায়ঃ সর্ব্বজাতীয়মাধুর্য্যমার্গপ্রবর্ত্তক ইত্যর্থঃ। বিভ্রমাণাং বিলাসানাং গাম্ভীর্য্যং বিবিধাঙ্গবত্ত্বোদগম্ভীরাণাং দুরবগাহানাং নানালীলানাং কারক ইত্যর্থঃ। চাতুরীণামভিত উপচিতির্বৃদ্ধিঃ। তত্তদ্বিলাসেষু বৈদগ্ধীবিবৃদ্ধিকর ইত্যর্থঃ। মালারূপকমত্রালঙ্কারঃ। হেত্বলঙ্কারশ্চ মালাত্মা বোধ্যঃ। অসাধারণানি বিশেষণানি বিশেষ্যং লক্ষয়ন্তীতি ন্যায়েনাত্র বিশেষ্যস্য ব্রজরাজ সুতস্যাহরের্লাভঃ। অয়মুদয়তি মুদ্রাভঞ্জনঃ পদ্মিনীনা-

---

যিনি শ্যামবর্ণের সার অর্থাৎ ইন্দ্রনীলমণির ন্যায় চাক্‌চক্যশালী, যিনি অধিক পরিমিত নির্ম্মল প্রেমসম্পত্তির দাতা যিনি কৃপার প্রকাশক অর্থাৎ পরম দয়ালু, যিনি সর্ব্ব প্রকার মাধুর্য্য প্রণালীর প্রবর্ত্তক যিনি অতি দুরবগাহ নানাবিধ লীলার প্রকাশক, এবং যিনি সর্ব্বতোভাবে চাতুরী অর্থাৎ উত্তমনায়কোচিত বৈদগ্ধীর বৃদ্ধিকারক, সেই গোপসুন্দরী-

ভূয়াদাভীরনারীকুচকলসতটালঙ্কৃতির্ম্মঙ্গলায় ॥ ০ ॥
দিবসবিরহার্ত্ত যুবতিকৃতবার্ত্ত
পৃথুলতরবামভুজশিখরধাম
বিলসদবতংস বদনধৃতবংশ
সুরনগরযোষিদখিলমতিমোষি
মধুরতরগীত পশুনিবহবীত
সরিদুদকপূর বিরতিবিধিশূর

মিত্যাদিপদ্যে স্রবেরিবেতি জ্ঞেয়ং ॥

দিবসেত্যাদি। গোপিকাঃ কৃষ্ণমেবং গায়ন্তিঃ। দিবসবিরহেণার্ত্তাভির্যুবতিভিঃ কৃতা বার্ত্তা যস্য। পৃথুলতরে বামভুজশিখরে ধাম্না বিলসন্নবতংসঃ কুণ্ডলং যস্য হে বদনধৃতবংশ। সুরনগরযোষিতামখিলাং মতিং মুষ্ণাতি হরতি তাদৃশং মধুরতরং গীতং যস্য হে পশুনিবহবীত গোবৃন্দবেষ্টিত। সরিতাং যমুনাদীনাং

গণের কুচকলসের ভূষণস্বরূপ শ্রীকৃষ্ণ তোমাদের মঙ্গল করুন ॥ ০ ॥

হে কৃষ্ণ! গোপরমণীগণ দিবাভাগে তোমার বিরহে কাতর হইয়া তোমার গুণ কীর্ত্তন করিয়া থাকেন, অতিসুন্দর দোদুল্যমান মকরকুণ্ডল প্রভায় ত্বদীয় বাহুমূল সুশোভিত হইতেছে, হে বংশীবদন! তুমি স্বর্গীয় অমরাঙ্গনাগণের চিত্ত হরণ করিতেছ, তোমার বংশীগীত অতিমধুর তুমি গোগণে পরিবেষ্টিত, তুমি যমুনাজলে গোপাঙ্গনার সহিত জলকেলি করিয়া থাক, তুমি ব্রহ্মা শিবপ্রভৃতি দেবগণের বুদ্ধির অগো-

কমলভবভর্গ মুখবিবুধবর্গ
মতিদুরনুমান রসদকলগান
মদয়দবলোক মুষিতনতশোক
হৃতহরিণ জাত কলিতসুখবাত
গিরিশমুখদেব কৃতচরণসেব
মদজনিত ঘূর্ণনয়নরসপূর্ণ
গতি বিজিতনাগধৃতঘুসৃণরাগ

যে উদকপূবাস্তেষাং বিরতিবিধৌ স্তম্ভকরণে শূর সমর্থ হে। কমলভবশ্চ ভর্গঃ শিবশ্চ তন্মুখা যে বিবুধবর্গাস্তেষাং মতিভির্দুরনুমানং কিমেতদিত্যানুমাতুং দুঃশকং রসদং কলগানাং যস্য। মদয়ন্ হর্ষকারী যোঽবলোকস্তেন মুষিতো নত শোকো যেন। হৃতং বেণুনাদেনাকৃষ্টং হরিণজাতং যেন। কলিতঃ স্বীকৃতঃ সুখবাতো মন্দসুগন্ধশীতলঃ পবনো যেন। গিরিশমুখৈর্দেবৈঃ কৃতা চরণপ্রণতি-রূপসেবা যস্য। মদেন তারুণ্যকৃতেন জনিতা ঘূর্ণা যয়োস্তাদৃশে নয়নে যস্য। হে রসপূর্ণ। হে গতিবিজিতনাগ। হে ধৃত ঘুসৃণরাগযুবতীনাং দিনতাপহরো

চর, ত্বদীয় বংশীর কলধ্বনি অতীব আনন্দপ্রদ, তোমার দর্শনে প্রণতজনের শোকসন্তাপ দূর হয়, তোমার বংশীরবে বন্য হরিণীগণও আকৃষ্ট হয় সুগন্ধ মন্দ মন্দ সমীরণ তোমার অতি-শয় প্রিয়, শঙ্করপ্রভৃতি দেবগণ তোমার পাদপদ্মের সেবা করেন, নবযৌবনপ্রভাবে তোমার নয়নের অপূর্ব্ব ভঙ্গী হই-য়াছে, তুমি শৃঙ্গারাদি নিখিলরসের আশ্রয়, মত্তনাতঙ্গের ন্যায় তোমার ললিত গতি, তোমার শ্রীঅঙ্গ কুঙ্কুমাদি অনুলেপনে অনুলিপ্ত, তোমার মধুর কথা কীর্ত্তন করিয়া গোপিকাগণ

যুবতিদিনতাপ-হরমধুরলাপ
চটুলনটবেশকৃপয় মথুরেশ ॥
জগদুদ্ধুর মাধুরীধুরীণা মধুনামন্দিরমিন্দিরাতুরাপা।

মধুরালাপঃ কথা যস্য। হে চটুল হে নটবেশ। হে মথুরেশ ত্বং ময়ি কৃপয় ॥

